(O) As per the provisions of Regulation 40(1) of the Listing Regulations and SEBI's press release dated December 03, 2018, bearing reference no. PR 49/2018, requests for transfer of securities shall not be processed unless the securities are held in dematerialised form with a depository with effect from April 01, 2019. However, in accordance with the circular issued by SEBI bearing reference number SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/144 dated July 31, 2020, shareholders holding securities in physical form are allowed to tender shares in an open offer. Such tendering shall be as per the provisions of the SEBI (SAST) Regulations. Accordingly, Public Shareholders holding Equity Shares in physical form as well are eligible to tender their Equity Shares in this Open Offer as per the provisions of the SEBI (SAST) Regulations.

(P) Equity Shares should not be submitted/ tendered to the Manager, the Acquirer or the Target Company.

IX. THE DETAILED PROCEDURE FOR TENDERING THE SHARES IN THE OPEN OFFER WILL BE AVAILABLE IN THE LETTER OF OFFER THAT WOULD BE MAILED TO THE SHAREHOLDERS OF THE TARGET COMPANY AS ON THE IDENTIFIED DATE AND WHICH SHALL ALSO BE MADE AVAILABLE ON THE WEBSITE OF SEBI – WWW.SEBI.GOV.IN

X. OTHER INFORMATION

(A) The Acquirer, accepts full responsibility for the information contained in the Public Announcement and this Detailed Public Statement (other than such information as has been obtained from public sources or provided by or relating to and confirmed by the Target Company and/or the Sellers), and undertake that they are aware of and will comply with their obligations under the SEBI (SAST) Regulations in respect of this Open Offer.

(B) The information pertaining to the Target Company and/or the Sellers contained in the Public Announcement or this Detailed Public Statement or the Letter of Offer or any other advertisement/publications made in connection with the Open Offer has been compiled from information published or provided by the Target Company or the Sellers, as the case may be, or publicly available sources which has not been independently verified by the Acquirer or the Manager. The Acquirer and the Manager do not accept any responsibility with respect to such information relating to the Target Company and/or the Sellers.

(C) The Acquirer accept full responsibility for their obligations under the Open Offer and shall be jointly and severally responsible for the fulfillment of obligation under the SEBI (SAST) Regulations in respect of this Open Offer.

(D) Pursuant to Regulation 12 of the SEBI (SAST) Regulations, the Acquirer have appointed Grow House Wealth Management Private Limited, Ahmedabad as Manager to the Open Offer and the Manager to the Offer issues this Detailed Public Statement on behalf of the Acquirer.

(E) The Acquirer have appointed Skyline Financial Services Private Limited as the Registrar to the Open Offer, details are as below:

Name: Skyline Financial Services Private Limited
Address: D-153A, 1st floor, Phase I, Okhla Industrial Area, Delhi -110020
Tel: +91-11-26812683, 011- 40450193-97
Email: ipo@skylinerta.com
Investor Grievance Email: grievances@skylinerta.com
Website: www.skylinerta.com
Contact Person: Mr. Anuj Rana
SEBI Registration No.: INR000003241

(F) In this DPS, any discrepancy in any table between the total and sums of the amount listed are due to rounding off and/or regrouping.

(G) This Detailed Public Statement would also be available at SEBI's website i.e. www.sebi.gov.in

THIS DETAILED PUBLIC STATEMENT ISSUED BY MANAGER TO THE OFFER ON BEHALF OF THE ACQUIRER

GROW HOUSE WEALTH MANAGEMENT

Grow House Wealth Management Private Limited
(CIN: U67100GJ2022PTC133630)
A-606, Privilon, B/H. Iscon Temple, Ambli-Bopal Road, S.G. Highway,
Ahmedabad-380054, Gujarat, India
Tel: +91 79353 33132 / +91-79-35333682
E-mail: takeover@growhousewealth.com
Website: www.growhousewealth.com
Contact Person: Mr. Hill Shah
SEBI Reg. No: INM000013262
Validity: Permanent

For and on behalf of the Acquirer:
Sd/-
Kunjit Maheshbhai Patel
Acquirer

Place: Ahmedabad
Date: January 08, 2026

Page 02 of 02

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
৩১ বর্ষ, দৈনিক ৪০ সংখ্যা, শুক্রবার, ২৪ পৌষ, ১৪৩২

গেরুয়া নিশানায় গান্ধীও!

সম্পাদকীয়

আশঙ্কাটা দেখা দিয়েছিল কেন্দ্রে ২০১৪ সালে নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সরকার গঠিত হওয়ার পরই, যখন কিনা সে বছরের বাজেটে কেন্দ্র 'মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট' (মনরেগা) প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ অনেকটাই কমিয়ে দেয়। ২০০৬ সালে আইনটি বলব হওয়ার পর আট বছরের অভিজ্ঞতায় যখন আইনটির সার্থকতা প্রশ্নাতীত হয়ে উঠেছে, তখন সরকারের এই ধরনের পদক্ষেপে শঙ্কিত হয়ে বিশ্বের ২৮ জন তাবড় অর্থনীতিবিদ 'মনরেগা' প্রকল্পের প্রতি সুবিচারের অনুরোধ জানিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি লেখেন। কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে হলেও তাঁদের সেই আশঙ্কাই এক দশক পরে সত্য বলে প্রমাণিত হলো। মহাত্মা গান্ধীর নামাঙ্কিত আইনটি বাতিল করে নতুন একটি বিল এনে 'মনরেগা'র বহু গুরুত্বপূর্ণ দিককে উচ্ছেদ করে ফেলা হলো। এখানেই পরিবর্তনের শেষ নয়, এই প্রকল্প থেকে মহাত্মা গান্ধীর নাম মুছে ফেলে বিলের নামকরণ করা হলো 'দ্য বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ)ঃ ভিবি-জি রাম জি বিল ২০২৫'। দুর্জনেরা বলছে, হিন্দি-ইংরেজি মেশানো এ রকম নামকরণের পিছনেও একটি উদ্দেশ্য রয়েছে- 'রাম' রাজনীতিকেকে সামনে আনা। তা যা-ই হোক, 'জি রাম জি বিল ২০২৫' যে ভারতের শ্রমজীবী ও অসাম্প্রদায়িক মানুষের জন্য একেবারেই কোনও সুখবর নয়, তা বলতে কোনও দ্বিধা থাকার কথা নয়। ভারতের গ্রামীণ জনতার কর্মহীনতার সংকটকে হ্রাস করার লক্ষ্যে, ২০০৫ সালে কংগ্রেসের নেতৃত্বে কেন্দ্রের ইউপিএ সরকার 'ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট ২০০৫' প্রণয়ন করে, যা ২০০৯ সালে মহাত্মা গান্ধীর নামে অভিহিত হয়। এই আইনের মূল কথা ছিল, রাষ্ট্রীয় উদ্যোগে বছরে অন্তত ১০০ দিনের জন্য গ্রামের শ্রমজীবী পরিবারগুলির জন্য রোজগার সুনিশ্চিত করা। এর জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান করার মূল দায়িত্ব বর্তায় কেন্দ্রীয় সরকারের উপর। মজুরি বাবদ খরচের পূর্ণ দায়িত্ব-সহ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উপাদান ইত্যাদি খরচের শতকরা ৭৫ ভাগের দায়িত্বভারও থাকে কেন্দ্রীয় সরকারের উপর। উপাদান ইত্যাদির খরচের শতকরা ২৫ ভাগ এবং বছরে ১০০ দিন কাজ না দিতে পারলে শ্রমজীবী পরিবারগুলিকে বেকার ভাতা দেওয়ার দায়িত্ব থাকে রাজ্য সরকারের উপর। এই আইনের অধীনে গৃহীত প্রকল্পগুলির লক্ষ্য হিসাবে গুরুত্ব দেওয়া হয় গ্রামের বিভিন্ন পরিকাঠামো ও জীবিকার উপায় গড়ে তোলার উপর। সংক্ষেপে এই ছিল 'মনরেগা'র সারবস্তু। এই আইন বলব হওয়ার পর দ্রুতই এর সুফল দেখা দিতে শুরু করে। গ্রামীণ ভারতের এক বিরাট সংখ্যক মানুষ এই আইনের অধীনে বিভিন্ন প্রকল্পে কাজ করে তাদের রোজগারের সঙ্কট কিছুটা দূর করতে সক্ষম হয়। ন্যাশনাল স্যাম্পল সার্ভের ২০১১-১২-র সমীক্ষায় দেখা যায়, ভারতের গ্রামাঞ্চলে শতকরা ৩৮ ভাগ পরিবারের 'মনরেগা'র জব কার্ড রয়েছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যা ছিল ৬০ শতাংশ। শুধু তা-ই নয়, 'মনরেগা' প্রকল্পে শ্রমজীবী মানুষকে কাজ দেওয়ার ক্ষেত্রেও গত দশকের মধ্যভাগ থেকে পশ্চিমবঙ্গ বেশ এগিয়ে থেকেছে। কোভিড অতিমারীর প্রাক্কালে ২০১৯-২০ অর্থবর্ষে এই আইনের আওতায় রাজ্যের জব কার্ডধারী প্রতিটি পরিবারকে বছরে গড়ে ৫০ দিন কাজ দেওয়া সম্ভব হয়েছিল। কোভিডকালে, ২০২০-২১ অর্থবর্ষে তা বেড়ে দাঁড়ায় গড়ে ৫২ দিন। গোটা দেশের ক্ষেত্রে এই সংখ্যাটা ছিল যথাক্রমে ৪৮ ও ৫২। ২০১৫ সালে প্রধানমন্ত্রী 'কংগ্রেস শাসনের ব্যর্থতার জীবন্ত স্মারক' হিসাবে 'মনরেগা' প্রকল্পকে উপহাস করলেও, কোভিডকালে এর প্রয়োজনীয়তাকে আরও বেশি করে উপলব্ধি করা যায়। অন্য দিকে এই প্রকল্পের সুবাদে গ্রামাঞ্চলে রাস্তাঘাট, পুকুর ইত্যাদির মতো বিভিন্ন প্রয়োজনীয় পরিকাঠামো ও জীবিকার উপায়ও গড়ে উঠতে থাকে। শুধু তাই নয়, তফসিলি জাতি ও জনজাতির লোকদের এই প্রকল্পে তুলনামূলক ভাবে বেশি অংশগ্রহণ থেকে বোঝা যায় যে, এই আইনে প্রান্তিক মানুষেরা উপকৃত হচ্ছে বেশি। 'মনরেগা' আইনে মহিলাদের অন্তত এক-তৃতীয়াংশ অংশগ্রহণ সুনিশ্চিত করার কথা বলা হলেও বাস্তবে সেই সীমা ছাড়িয়ে যায়। এই প্রকল্পের সুবাদে কৃষিমজুরদের দর কষাকষির সুযোগ তৈরি হওয়ায় গ্রামাঞ্চলে কৃষি মজুরিও বাড়তে থাকে। অথচ, দুঃখজনক ভাবে কেন্দ্রীয় সরকার এই রকম এক গুরুত্বপূর্ণ প্রকল্পের টাকা ২০২২ সালের মার্চ মাস থেকে পশ্চিমবঙ্গকে দেওয়া বন্ধ করে। এমনকি শ্রমিকদের বকেয়া মজুরির টাকাও আটকে দেওয়া হয়। অথচ, সময়ের মধ্যে শ্রমিকদের মজুরি দেওয়া এই আইনেরই একটি অংশ, যা দীর্ঘ দিন ধরে না দিয়ে কেন্দ্রীয় সরকার এক চরম শ্রমজীবী-বিরোধী ভূমিকা পালন করে। প্রায় দু'দশক ধরে 'মনরেগা' যখন প্রান্তিক মানুষের কাছে অত্যন্ত প্রয়োজনীয় একটি আইন (প্রকল্প হিসাবেই তারা বোঝে) হয়ে দাঁড়িয়েছে, তখন তাকে আরও শক্তিশালী করার পরিবর্তে কেন্দ্রীয় সরকার এর মর্মবস্তুকেই সমূলে উপড়ে ফেলার ব্যবস্থা করল। প্রকল্পের অধিকাংশ খরচের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর দিয়ে 'মনরেগা' যেখানে আর্থিক ভাবে দুর্বল রাজ্যগুলিতেও এই আইনের প্রয়োগকে সুনিশ্চিত করেছিল, সেখানে নতুন আইনের বিলে মজুরির খরচের ৪০ শতাংশের ভার রাজ্যের উপর চাপিয়ে দিয়ে (উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলি এবং উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশ, এবং জম্মু-কাশ্মীরের ক্ষেত্রে ১০ শতাংশ) আর্থিক ভাবে দুর্বল রাজ্যগুলিতে কাজের গ্যারান্টি অনিশ্চিত করে তোলা হলো। এ কথা বলা ভুল হবে না যে, নতুন বিলে কাজের গ্যারান্টিকে ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করে আসলে রাজ্যের কাঁধে ভর করে কৃতিত্ব নেওয়ার চেষ্টা করা হয়েছে। এতে রাজ্যগুলিরই আর্থিক দায় বাড়বে। ফলে আর্থিক ভাবে দুর্বল রাজ্যগুলিতে কাজের গ্যারান্টি প্রস্তাবিত নতুন আইনে মুখ থুবড়ে পড়তে বাধ্য। রাজ্যের আর্থিক ক্ষমতার উপর নির্ভর করে 'মনরেগা' যেখানে বেকার ভাতা দেওয়াটাকেই নিশ্চিত করতে পারেনি, সেখানে রাজ্যের উপর খরচের বোঝা আরও বাড়িয়ে দেওয়ার অর্থ কাজের গ্যারান্টির আইনকে হিমঘরেই বন্দি করে ফেলা। শুধু তা-ই নয়, কেন্দ্রীয় বরাদ্দ স্থির হওয়ার ক্ষেত্রে 'মনরেগা'তে রাজ্যের মতামতের যে অগ্রাধিকার ছিল, তা সম্পূর্ণ ছেঁটে ফেলে এই বিলে রাজ্য-ভিত্তিক অর্থ বরাদ্দ স্থির করার অধিকার সম্পূর্ণ ভাবে কেন্দ্রের হাতে তুলে দেওয়া হয়েছে। 'মনরেগা'য় রাজ্যগুলির পরিকল্পনা ও কাজের আনুমানিক চাহিদার ভিত্তিতেই কেন্দ্রকে বরাদ্দ স্থির করতে হতো, কিন্তু প্রস্তাবিত নতুন আইনে রাজ্যের মতামতের আর কোনও জায়গা থাকছে না।

ভগিনী নিবেদিতা অমৃত কথা

পরাজয় থেকে পালিয়ে যেয়ো না, হতাশাকে আলিঙ্গন করো। সুখ ও আরাম থেকে ব্যথা বেদনা (মূলবোধে) পৃথক নয়। -ব্রহ্মচর্যের মধ্যেই সমস্ত শক্তি ও মহত্ত্ব প্রচ্ছন্ন রয়েছে। ঈশ্বরের জন্য ব্যাকুলতাই জীবনের সামগ্রিক অর্থ। আমার সেই প্রিয়তমই এই বাতায়নের মধ্য দিয়ে দেখছেন, দ্বারে ডাক দিচ্ছেন। তার কোনো অভাব নেই, তবুও তিনি মানুষের অভাবের সাজ গ্রহণ করে আসেন, যাতে তার সেবায় সুযোগ লাভ করি। তাঁর ক্ষুধা নেই, তবুও তিনি প্রার্থী হয়ে আসেন, যাতে তাকে দিতে পারি। তিনি সাক্ষা করতে আসেন, যাতে তাকে আসন দিতে পারি। আমার যা কিছু সবই যে তার। একান্তভাবেই তার। আমার আমিত্ব কে সম্পূর্ণ। লোপ করে তিনি সেইখানে প্রকাশিত হোন-এই প্রার্থনা। যে শিক্ষা চিত্তবৃত্তির উন্মেষ সাধন করতে গিয়ে নমম্রতা ও কমণীয়তা বিনষ্ট করে তা প্রকৃত শিক্ষা নয়।

শ্রীশ্রী ঠাকুর অনুকূলচন্দ্র

যে-কর্মে মনের প্রসারণ নিয়ে আসে তাই সুকর্ম্ম, আর যাতে মনে সংস্কার, গোঁড়ামি ইত্যাদি আনে, ফলকথা, যাতে মন সংকীর্ণ হয় তাই কুকর্ম। সংযত হও, কিন্তু নির্ভীক হও। সরল হও, কিন্তু বেকুব হয়ো না। তাই বলে দুর্বল হৃদয় হয়ো না। পৃথিবীর পূর্ধ্বতন অবতার, প্রেরিত ও মহাপুরুষদিগকে আপ্ত বলিয়া স্বীকার করা এবং সম্ভ্রমের সহিত তাঁহাদের প্রতি সশ্রদ্ধ থাকা উচিত। বিনীত হও... মানুষের নিজ প্রবৃত্তিগুলির আকাঙ্খপূরণের টানের চাইতে ইষ্টে বা ইঙ্গিতে বেশি টান না থাকিলে অদৃষ্ট বা সঞ্চিত কর্ম্মফলের বিরুদ্ধে কিছুতেই কৃতকার্য হওয়া যায় না। অর্থ, মান, যশ ইত্যাদি পাওয়ার আশায় আমাকে ঠাকুর সাজিয়ে ভক্ত হ'য়ো না, সাবধান হওঠকবে তোমার ঠাকুরত্ব না জাগলে কেহ তোমার কেন্দ্রও নয়, ঠাকুরও নয়-ফাঁকি দিলেই পেতে হবে তা। জগতে মানুষ যত-কিছু দুঃখ পায় তাঁর অধিকাংশই কামিনী-কাঞ্চনে আসক্তি থেকে আসে, ও দুটো থেকে যত দূরে সরে থাকা যায় ততই মঙ্গল।

ভারতের আয়ুর্বেদ চিকিৎসা বিজ্ঞানশাস্ত্র

বিশেষ প্রতিনিধি

ভারতীয় আয়ুর্বেদশাস্ত্র যে অতি প্রাচীন, এবিষয়ে ঐতিহাসিকদের মধ্যে কোন দ্বিমত নেই। এমনকি অনেকে একথাও বলেন যে, এই পৃথিবীর কোন প্রাচীন সভ্যতাতেই যখন চিকিৎসাশাস্ত্র সম্বন্ধে উল্লেখযোগ্য কোন গবেষণা শুরু হয়নি, তখন ভারত ভূখণ্ডে কিন্তু এক উন্নততর চিকিৎসাব্যবস্থা প্রচলিত ছিল। তবে তা বলে এযুগে বসে এই প্রাচীন শাস্ত্রকে শুধুমাত্র কতগুলি উদ্ভিদ এবং দ্রব্যগুণের পরিচয় বলে মনে করলে সম্পূর্ণ ভুল করা হবে। কারণ, ঐতিহাসিকেরা বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে একথা বুঝতে পেরেছেন যে, ভারতের এই সুপ্রাচীন শাস্ত্রটির প্রধান বৈশিষ্ট্যই হল যে, এতে মানুষের বিভিন্ন ধরণের রোগের কারণ ও নিরাময়ের উপায় যেমন বিজ্ঞানসম্মতভাবে আলোচনা করা হয়েছিল, ঠিক একইরকমভাবে শরীরবিদ্যাও এতে আলোচিত হয়েছিল। বস্তুতঃ প্রাচীন আয়ুর্বেদশাস্ত্রগুলিতে মানব-শরীরের যন্ত্রপাতি, রক্তসঞ্চালন ব্যবস্থা এবং হৃদপিণ্ড প্রভৃতির ক্রিয়া যেভাবে বর্ণিত হয়েছিল, তা আজও অনেকক্ষেত্রেই এযুগের চিকিৎসা বিজ্ঞানীদের মনেও বিস্ময়ের উদ্রেক করে। এছাড়া এই আয়ুর্বেদশাস্ত্রগুলি অধ্যয়ন করলে একথাও জানা যায় যে, এযুগের মত সেযুগেও চিকিৎসাশাস্ত্রের শিক্ষার্থীদের কিন্তু শব ব্যবচ্ছেদ করে হাতেনাতে শরীরবিজ্ঞান সম্বন্ধে বিস্তারিতভাবে জ্ঞানলাভ করতে হত। আর খুব সম্ভবতঃ একারণেই এই শাস্ত্রে তখন শব ব্যবচ্ছেদের উপরেই সবথেকে বেশি জোর দেওয়া হয়েছিল। এসব ছাড়া এতে উন্নত ধরণের শল্যচিকিৎসা পদ্ধতি তো বর্ণিত হয়েছিলই, একইসাথে শল্যচিকিৎসার জন্য ব্যবহৃত বহু অস্ত্রশস্ত্রেরও পরিচয় প্রদান করা হয়েছিল। আর এসব দেখেই ঐতিহাসিকেরা এই সিদ্ধান্তে এসেছেন যে, তখন রোগনির্ণয় ও শল্যচিকিৎসার ক্ষেত্রে যেসব সূক্ষ্ম ব্যবস্থা অবলম্বন করা হত, সেসব থেকে একথাই ধরে নেওয়া যেতে পারে যে, আধুনিক চিকিৎসা বিজ্ঞানের প্রায় প্রতিটি শাখাই সেযুগে পুষ্ট হয়ে উঠেছিল। কিন্তু এই শাস্ত্রটির আয়ুর্বেদ নামকরণ হওয়ার কারণ কি ছিল? এই প্রশ্নের উত্তরে বলা যেতে পারে যে, প্রাচীনকালের ভারতের মানুষ এই শাস্ত্র অধ্যয়ন করেই আয়ু সম্বন্ধে জ্ঞানলাভ করতে পারতেন বলেই এর নাম তখন আয়ুর্বেদ রাখা হয়েছিল। অন্যদিকে প্রাচীন পুরাণমতে বেদের সার হল আয়ুর্বেদ। আর খুব সম্ভবতঃ একারণেই প্রাচীন ভারতে কাশ্যপ সংহিতার রচনাকার মহামুনি কশ্যপ মতপ্রকাশ করেছিলেন যে-ঋক, সাম, যজু ও অথর্ব-এই চারটি বেদ রচিত হওয়ার পরে যে পঞ্চম বেদ রচিত হয়েছিল, সেটারই নাম হল আয়ুর্বেদ। অন্যদিকে আয়ুর্বেদের প্রয়োজন সম্বন্ধে প্রাচীন ভারতের ইতিহাস বিখ্যাত ব্যক্তিত্ব সুশ্রুত জানিয়েছিলেন যে, এই বিদ্যা লাভ করলে মানুষ নিজের ও সমাজের স্বাস্থ্য রক্ষা করতে সক্ষম হয়, এবং রোগীকে রোগমুক্ত করতে পারে। সুতরাং প্রাচীন ভারতে সমাজ ও পরিবেশ-উভয়কেই সুস্থ ও সুন্দর করতেই যে আয়ুর্বেদের ব্যবহারিক প্রয়োগ ছিল, একথা বলাই বাহুল্য। আর খুব সম্ভবতঃ একারণেই সেযুগের শিক্ষিত ব্যক্তিমাত্রেরই আয়ুর্বেদ অবশ্যপাঠ্য ছিল, এবং সেযুগে যাঁরা গুরুকুলে শিক্ষা নিতে যেতেন, তাঁদের বেদের অন্যান্য অংশের মত আয়ুর্বেদকেও অবশ্যই জানতে হত। তবে পরবর্তীসময়ে অবশ্য এই শাস্ত্রটির সঙ্গে ধর্মনীতি, সমাজনীতি এবং এমনকি দর্শনও প্রাচীন ভারতীয় শিক্ষাক্ষেত্রে জায়গা করে নিয়েছিল। কিন্তু এই আয়ুর্বেদের উপত্তি ঠিক কিভাবে ঘটেছিল-এই প্রশ্নের উত্তর সন্ধান করবার জন্য অবশ্য পৌরাণিক কাহিনীর উপরে নির্ভর করা ছাড়া অন্য কোন উপায় নেই। কারণ, এবিষয়ে শাস্ত্র এখনো থাকলেও এই শাস্ত্র সৃষ্টি হওয়ার ইতিহাস সেযুগের কেউ লিপিবদ্ধ করেননি। যাই হোক, এবিষয়ে কথিত রয়েছে যে, একবার সৃষ্টিকর্তা ব্রহ্মা তাঁর ধ্যানলব্ধ জ্ঞান মানুষের কল্যাণে প্রয়োগ করবার জন্য প্রজাপতিদের উপদেশ প্রদান করেছিলেন। এরপরে প্রজাপতিরা ব্রহ্মার কাছ থেকে এই বিদ্যা লাভ করে তা অশ্বিনীকুমারদ্বয়কে শিখিয়ে দিয়েছিলেন। তারপরে অশ্বিনীকুমারদ্বয়ের কাছ থেকে দেবরাজ ইন্দ্র এই বিদ্যা লাভ করেছিলেন। এরপরে ক্রমে ইন্দ্র থেকে মহর্ষি ভরদ্বাজ, ভরদ্বাজ থেকে আত্রেয়, এবং আত্রেয় থেকে অগ্নিবেশ এই বিদ্যা শিক্ষা করেছিলেন। আর এই অগ্নিবেশের শিষ্যই ছিলেন মহাত্মা চরক, যাঁর সম্বন্ধে আজও ভারতে বহু কাহিনী প্রচলিত রয়েছে। তবে আয়ুর্বেদশাস্ত্র থেকে যদিও একথা জানা যায় যে, ব্রহ্মা প্রজাপতিদের মূলতঃ কায়চিকিৎসা-প্রধান উপদেশ দিয়েছিলেন, কিন্তু তবুও ইতিহাস আবার বলে যে, প্রাচীনযুগের ভারতে এটি ছাড়াও আরও একধরণের চিকিৎসা পদ্ধতি প্রচলিত ছিল, যেটির নাম ছিল শল্যচিকিৎসা। ধন্বন্তরি এই চিকিৎসা শাখার প্রবর্তক ছিলেন। আর যদিও প্রাচীন পৌরাণিক কাহিনীগুলিতে এই ধন্বন্তরি সমুদ্র মন্থনে উদ্ভূত হয়েছিলেন বলে বলা হয়েছিল, কিন্তু তবুও ঐতিহাসিকেরা অবশ্য বলেন যে, ইনি আসলে প্রাচীন ভারতের সুপ্রসিদ্ধ শল্য চিকিৎসক কাশীরাজ দিবোদাস ধন্বন্তরি ছিলেন। তবে এই ধন্বন্তরি যিনিই হোন না কেন, আর তিনি সমুদ্রগর্ভ থেকেই উঠুন না কেন বা কোন মানবীর গর্ভেই জন্মান না কেন-সুশ্রুত যে তাঁরই শিষ্য ছিলেন, এবিষয়ে কোন বিতর্ক নেই আর তিনিই যে নিজের গুরুর কাছ থেকে শল্যচিকিৎসার বিদ্যা অর্জন করে মনুষ্য সমাজে প্রচার করেছিলেন-এবিষয়েও কোন বিতর্ক নেই। তবে প্রাচীন ভারতে এই আয়ুর্বেদশাস্ত্রের যখন প্রচলন ঘটেছিল, তখনও পর্যন্ত কোন কিছু লেখবার প্রচলন ছিল না। আর তাই এসময়ে শ্রুতিধর শিষ্যরা তাঁদের গুরুর কাছে শিক্ষালাভ করে শুধুমাত্র কতগুলো শ্লোকের মাধ্যমে সেই শিক্ষা নিজেদের মনে গেঁথে রাখতেন। এরপরে শিক্ষা শেষ করে এই শিষ্যরা যখন সংসারে প্রবেশ করতেন, তখন নিজেদের অধীত-বিদ্যা তাঁরা সেখানে প্রয়োগ করতেন। এছাড়া তাঁরা নিজেরাও নিজেদের বাস্তব জীবনে বহু অভিজ্ঞতার সম্মুখীন হতেন। আর শেষবয়সে নিজের অধীতবিদ্যা এবং অভিজ্ঞতা-এই উভয়ই তাঁরা প্রিয়তম শিষ্যদের দান করে যেতেন। প্রথমদিকে এভাবেই দীর্ঘকাল ধরে শিষ্য পরম্পরায় এই শাস্ত্র প্রাচীন ভারতে চালু ছিল। কিন্তু এরপরে এমন একটা সময় এসেছিল, যখন বিভিন্ন গুরুর কাছ থেকে বহু তথ্য এবং বহু বিচিত্র অভিজ্ঞতা সঞ্চয় হতে হতে এত বিশাল রূপ নিয়েছিল যে, তখন যতই শ্রুতিধর শিষ্যই হোন না কেন, তাঁর পক্ষে সব তথ্য মনে রাখা অত্যন্ত কষ্টকর হয়ে উঠেছিল। আর তাই এসময় থেকেই অনেকে এসব তথ্য লিপিবদ্ধ করবার প্রয়োজনীয়তা উপলব্ধি করতে শুরু করেছিলেন। ঐতিহাসিকদের মতে, মহর্ষি অগ্নিবেশই প্রাচীন ভারতের প্রথম কায়-চিকিসক ছিলেন, যিনি তখন কায়-চিকিৎসার উপরে একটি আস্ত সংহিতা রচনা করেছিলেন এর নাম ছিল 'চরক সংহিতা'। অন্যদিকে এরপরেই শল্য চিকিৎসাকে প্রাধান্য দিয়ে ধন্বন্তরির শিষ্য সুশ্রুত তাঁর 'সুশ্রুত সংহিতা' নামক গ্রন্থটি লিখেছিলেন। ঐতিহাসিকদের মতে, প্রাচীন ভারতে রচিত এই দুই সংহিতাই সর্বাপেক্ষা প্রাচীন, এবং পরবর্তীসময়ে কালক্রমে এই দুই সংহিতাকে অবলম্বন করেই এদেশে অন্যান্য বহু সংহিতা গ্রন্থ রচনা করা হয়েছিল। তবে আসল অগ্নিবেশ সংহিতা অবশ্য বহুকাল আগেই লুপ্ত হয়ে গিয়েছে, এবং জনশ্রুতি রয়েছে যে, অগ্নিবেশের শিষ্য চরক এই সংহিতাটিকে সংস্কার করেই সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁর 'চরক সংহিতা' নামক গ্রন্থটি রচনা করেছিলেন। কিন্তু বর্তমান সময়ে এই 'চরক সংহিতা' এবং 'সুশ্রুত সংহিতা' এখনও প্রচলিত থাকলেও ইতিমধ্যে বহুকাল ধরে বহু প্রতিভাধরের হাতে পড়ে এই প্রাচীন সংহিতাগুলির আগের রূপ এখন আর বজায় নেই। তাছাড়া যদিও এগুলিতে থাকা বহু তথ্য বর্তমানে লুপ্ত হয়ে গিয়েছে, কিন্তু তবুও অনেকে বিশ্বাস করেন যে, প্রাচীন চরক ও সুশ্রুত সংহিতার সঙ্গে বর্তমানে প্রচলিত থাকা সংহিতাগুলির যথেষ্টই সাদৃশ্য রয়েছে। এই সংহিতাগুলি থেকে জানা যায় যে, প্রাচীন ভারতীয় আয়ুর্বেদ শাস্ত্র মোট আটটি ভাগে বিভক্ত ছিল আর একারণেই প্রাচীন ভারতে এগুলিকে অষ্টাঙ্গ আয়ুর্বেদ শাস্ত্র বলা হত। এই বিভাগগুলি নিম্নরূপ ছিল-(১) কায় চিকিৎসা বা উপযুক্ত ভেষজের সাহায্যে সমূহ দৈহিক রোগ নিরাময় করবার ব্যবস্থা (২) শল্য চিকিৎসা বা অস্ত্রোপচারের দ্বারা রোগ নিরাময় পদ্ধতি (৩) শলাক্য চিকিৎসা বা চক্ষু, কর্ণ, নাসা ও কণ্ঠের অভ্যন্তরে অস্ত্রোপচার, এবং বিকৃত অঙ্গের পুনর্গঠন (৪) ভূতবিদ্যা বা মানসিক রোগের চিকিৎসা (৫) কৌমার ভৃত্য বা শিশুরোগ চিকিৎসা, এবং শিশুর স্বাস্থ্যরক্ষা ও প্রতিপালন বিধি (৬) অগদতন্ত্র বা বিষের চিকিৎসা (৭) বাজীকরণ তন্ত্র বা প্রজনন শক্তি বৃদ্ধির চিকিৎসা এবং (৮) রসায়ন তন্ত্র বা রাসায়নিক ওষুধের সাহায্যে চিকিৎসা। এছাড়া আয়ুর্বেদশাস্ত্রকে পুনরায় দুটি খণ্ডে ভাগ করা যেতে পারে। এরমধ্যে প্রথম খণ্ড হল শরীর বিজ্ঞান বিষয়ক, এবং দ্বিতীয় খণ্ড হল বিভিন্ন রোগ ও এসবের চিকিৎসা বিষয়ক। তবে ঐতিহাসিকদের মতে, এসবের মধ্যে প্রথম খণ্ডটিই সবথেকে বেশি আশ্চর্যজনক। কারণ, এই খণ্ডে মানুষের শরীর সংক্রান্ত এমন কিছু কিছু বিষয় বর্ণনা করা হয়েছিল বলে দেখতে পাওয়া যায়, যা বর্তমান সময়ে প্রচলিত থাকা উন্নত শরীর বিজ্ঞানকেও বিস্ময়ে অভিভূত করে দিতে পারে। শাস্ত্রের এই অংশে মানুষের শরীরের বিভিন্ন হা।, মাংসপেশী, স্নায়ু, শিরা, ধমনী, হৃদপিণ্ড, ফুসফুস, মস্তিষ্ক প্রভৃতির পরিচয় তো পাওয়া যায়ই, একইসঙ্গে এগুলির উপাদান, গঠনপ্রণালী এবং কার্যপ্রণালী সম্পর্কেও বিস্তারিত তথ্য পাওয়া যায়। এই অংশে মোটামুটিভাবে সেযুগের পরিপ্রেক্ষিতে যতদূর সম্ভব বিস্তৃত আকারে মানুষের শরীর ও এর বিভিন্ন অংশের পরিচয় প্রদান তো করা হয়েছিলই, একইসাথে রক্ত সংবহনতন্ত্র, পরিপাকক্রিয়া, মল-মূত্রের বিবরণ, গন্ধ-বর্ণ-স্পর্শ ইত্যাদি মানুষের মস্তিষ্কে কেমন অনুভূতির সৃষ্টি করে-এসবের বর্ণনাও দেওয়া হয়েছিল। এসব ছাড়াও আয়ুর্বেদশাস্ত্রের এই অংশটির অন্য যে দুটি বৈশিষ্ট্য চোখে পড়ে, সেগুলির মধ্যে একটি হল মনোবিজ্ঞান, এবং অপরটি হল দ্রব্যগুণ। আসলে মানুষের বহু রোগ যে বাস্তবে মানসিক অস্বাচ্ছন্দ্যের কারণ, একথা চরক ও সুশ্রুতের আমলের ভারতীয় চিকিৎসকদেরও জানা ছিল। আর খুব সম্ভবতঃ একারণেই তখন মানুষের মানসিক স্বাস্থ্যরক্ষা করবার জন্য বহু ব্যবস্থা প্রচলিত ছিল, এবং সেযুগের চিকিৎসকদের মনোবিজ্ঞানের বিষয়েও শিক্ষালাভ করতে হত। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, পাতঞ্জল দর্শন ও বৈশেষিক দর্শনেও কিন্তু মানসরোগ চিকিৎসার বিস্তৃত আলোচনা লক্ষ্য করা যায়। অন্যদিকে দ্রব্যগুণ পরিচয়ের ক্ষেত্রে আয়ুর্বেদশাস্ত্রে কতগুলি ভেষজের গুণাগুণ এবং খাদ্যের কথা আলোচনা করা হয়েছিল। তবে শুধুমাত্র আয়ুর্বেদে নয়, বাস্তবে খাদ্যের সম্বন্ধে ভারতে সেই প্রাচীনকাল থেকেই বহু মত প্রচলিত রয়েছে। আর আহার শুদ্ধ হলে মানুষের মনও যে শুদ্ধ হয়, একথায় ভারতীয়রা সুদূর অতীত থেকেই বিশ্বাসী। তাই প্রাচীন আয়ুর্বেদশাস্ত্রেও কোন খাদ্য শরীরের পক্ষে হিতকর, কোনটি অহিতকর, কোন খাদ্য গ্রহণ করলে কি কি রোগ হতে পারে, অপুষ্টির অভাবে দৃষ্টিশক্তির হ্রাস ঘটে-এসব নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছিল বলে দেখতে পাওয়া যায়। এবং একারণেই অনেকে মনে করেন যে, আয়ুর্বেদশাস্ত্র রচিত হওয়ার অনেক আগে থেকেই ভারতে আহারের গুণাগুণ নিয়ে আলোচনা প্রচলিত ছিল। তবে পরবর্তীকালে অবশ্য শঙ্করাচার্য এবং রামানুজাচার্য-আহার সম্বন্ধে তাঁদের নিজের নিজের মত পোষণ করেছিলেন বলে লক্ষ্য করা যায়। এঁদের মধ্যে শাঙ্করভাষ্য অনুযায়ী বিশুদ্ধ আহারের ফলে মানুষের শরীরের সব ইন্দ্রিয় নিজের যথাযথ কর্ম সম্পাদনে সক্ষম হয়। অন্যদিকে রামানুজাচার্য আবার খাদ্যকে তিনটি শ্রেণীতে বিভক্ত করে এগুলির গুণাগুণ ব্যাখ্যা করেছিলেন। এবং তাঁর মত ছিল যে, উত্তেজক দ্রব্য আহার করলে মানুষের মনের অস্থিরতা বৃদ্ধি পায় ও বুদ্ধিভ্রংশ ঘটে। এছাড়া ময়লা, কীটদষ্ট এবং বাজারের খাদ্যগ্রহণে মানুষের মন অপবিত্র হয় এবং এসব ভক্ষণ করলে অজীর্ণ প্রভৃতি রোগের উৎপত্তি ঘটে। যাই হোক, এসব তথ্য বিশ্লেষণ করেই ঐতিহাসিকেরা সিদ্ধান্ত করেছেন যে, আয়ুর্বেদশাস্ত্রে আলোচিত খাদ্যের গুণাগুণ হয়ত এই শাস্ত্রের নিজস্ব নয়, বরং এতে প্রাচীন মতামতগুলিই শুধু বর্ণনা করা হয়েছিল। তবে এযুগের মত সেযুগেও কিন্তু আয়ুর্বেদশাস্ত্রের শিক্ষার্থীদের ওষুধ তৈরি করবার বিভিন্ন বিধি ও এসবের ফর্মুলা মুখস্থ করতে হত। আর যদিও তখন রাসায়নিক ওষুধের ব্যবহার অত্যন্ত কম ছিল, কিন্তু তবুও যেগুলি সেসময়ে প্রচলিত ছিল, সেগুলির প্রস্তুতপ্রণালী এবং সেবনবিধি তাঁদের অবশ্যই জানতে হত। কিন্তু সেকালে তাঁদের কতগুলো উদ্ভিদের মূল, পাতা, ফুল, বীজ প্রভৃতির সঙ্গে সবথেকে বেশি পরিচিত হতে হত কারণ, এগুলি তখন আয়ুর্বেদশাস্ত্রের প্রাথমিক জ্ঞান ছিল। এবারে আয়ুর্বেদশাস্ত্রের চিকিৎসা খণ্ডের দিকে নজর দেওয়া যাক এই খণ্ডের আলোচ্য বিষয় ছিল বিভিন্ন রোগের পরিচয় ও এসবের নিরাময় ব্যবস্থা। আর একাজের জন্য প্রাচীন আয়ুর্বেদাচার্যরা মানুষের বিভিন্ন শারীরিক ব্যাধিকে মূলতঃ তিনটি শ্রেণীতে ভাগ করেছিলেন যথা-(১) স্বাভাবিক ব্যাধি, (২) আগন্তুক রোগ, এবং (৩) সংক্রামক ব্যাধি। এরমধ্যে স্বাভাবিক ব্যাধি বলতে তাঁরা তখন বায়ু, পিত্ত, কফ-এই তিনটি জিনিসের উপরে প্রাধান্য দিয়েছিলেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, প্রাচীন আয়ুর্বেদশাস্ত্রে এই বায়ু, পিত্ত ও কফ 'ত্রিদোষ' নামে অভিহিত হয়েছিল। কারণ, সেযুগের চিকিৎসকদের ধারণা ছিল যে, মানুষের কোন কায়িক ব্যাধি আসলে এই ত্রিদোষ থেকেই উৎপন্ন হয়। এছাড়া তাঁরা আরও মনে করতেন যে, মানবমনের যেমন তিনটি গুণ রয়েছে-সত্ত্ব, রজঃ ও তমঃ অনুরূপভাবে মানব শরীরেরও তিনটি দোষ রয়েছে, যথা-বায়ু, পিত্ত ও কফ। আর তাই এই ত্রিদোষজনিত স্বাভাবিক রোগ বলতে তখন তাঁরা জ্বর, অজীর্ণ, অম্ল, কাশি প্রভৃতিকে নির্দেশ করেছিলেন। তবে সেযুগে সংক্রামক রোগের সংজ্ঞা কিন্তু বর্তমানেরই প্রায় অনুরূপ ছিল। আর এযুগের মতোই সেযুগেও কলেরা, বসন্ত, যক্ষা প্রভৃতি যেসব রোগ অন্য রোগাক্রান্ত শরীর থেকে সুস্থ শরীরে সংক্রামিত হত, সংক্ষেপে সেগুলিকেই সংক্রামক রোগ বলা হত। এসব ছাড়া তখন আগন্তুক রোগ বলতে সেসব রোগগুলিকে বোঝানো হত, যেগুলি হঠাৎ কোন দুর্ঘটনার ফলে উৎপন্ন হত যেমন-অগ্নিদাহ, মূর্চ্ছা, পতন প্রভৃতির ফলে সৃষ্ট রোগ।

ভারতীয় সঙ্গীতজগতে রাহুল দেব বর্মণ একটি বিশেষ নাম

বিশেষ প্রতিনিধি

বিখ্যাত বাবাদের পুত্র হলে সাধারণত সন্তানদের ভয়ঙ্কর একটা বিড়ম্বনায় পড়তে হয়। যদি পিতা - পুত্র খেলোয়াড় হন, কিংবা সিনেমা অথবা সংগীত। আর ডি বর্মণের পিতা কিংবদন্তি শচীন দেব বর্মন। তরুণ বয়সে যখন রাহুলদেব সংগীত পরিচালক হিসেবে ভাল ভাল সুর করেছেন তখনও অনেক লোক বলেছেন, এ কি আর ও করেছে, সব ওর বাবা সুর করেছেন ছেলে নিজের নামে চালিয়ে যাচ্ছে। সেসব কথা পঞ্চমের কানে যায়নি এমন নয়। শুনে তিনি আশাহত হয়েছেন কিন্তু নিজেকে প্রমাণ করার অদম্য স্পৃহা যেন আরও জাগ্রত হয়। পণ করেছিলেন এমন কিছু সুর করবেন যাতে লোকে বলবে রাহুলদেব বর্মণের গর্বিত পিতা শচীনদেব বর্মণ। হ্যাঁ পঞ্চম সেই কাজটি কেবল সাফল্যের সঙ্গে উত্তরে যাননি একটা গান কিভাবে হিট গানে পরিণত করতে হয় তাঁর থেকে ভাল খুব কম সুরকার বুঝতেন। আর ডি বর্মণের সৃজনশীলতায় সৃষ্টি হয়েছিল ভারতীয় রাগ সংগীতের সঙ্গে পাশ্চাত্য সংগীতের অপরূপ মেলবন্ধন। ভারতীয় সংগীতের অনেক বোদ্ধাদের মধ্যে বিতর্ক রয়েছে, কেউ কেউ বলেন সুর-বৈচিত্র্যের জনমোহিনী প্রভাবে পিতা শচীনদেবকে ছাড়িয়ে গিয়েছিলেন পুত্র পঞ্চম! ভিন্ন মতের মানুষের সংখ্যা কম নয়। তাদের মতে শচীন কর্তার স্থান কেউ কখনও টপকে যেতে পারেন নি, পারবেন না। পিতা সেরা না পুত্র সেরা সেই বিতর্কে আপাতত ধামাচাপা দিয়ে একটা কথা হলফ করে বলা যায় সুরকার, গায়ক হিসেবে নিশ্চিত ভাবে সময়ের চেয়ে অনেকগুণ এগিয়ে ছিলেন আর ডি বর্মণ। বিখ্যাত ও প্রচণ্ড জনপ্রিয় হিন্দি ছবি '১৯৪২, এ লাভ স্টোরি'র জনপ্রিয় একটি গান 'দিলনে কহা চুপকে সে'। আসল গানটি রবীন্দ্রসংগীত 'এসো শ্যামল সুন্দর' ভেঙে পঞ্চম দেশ রাগে করলেন 'দিলনে কহা চুপকে সে'। সর্বোপরি এই তথ্যটি কখনও চাপা তো দেননি উল্টে গর্ব করে বলতে ভালবাসতেন পঞ্চম। খুব বৃষ্টি ভালবাসতেন, বৃষ্টির ফোঁটার শব্দ শোনার জন্য সারা রাত নিজের ব্যালকনিতে বসে থেকেছেন অনেক দিন, রেকর্ড করতেন বৃষ্টির আওয়াজ। আন্তরিকতা, একাগ্রতা, নিষ্ঠায় রাহুলদেব বর্মণ তৈরি করেছিলেন ভারতীয় সংগীতের নতুন এক ধারা, পাশ্চাত্য সুরের সঙ্গে বিটসের এক সার্থক মেলবন্ধন নতুন সুরের ঝরনাধারা। আদপে তিনি এক আশ্চর্য প্রতিভা। সংগীত পরিচালক হিসেবে আত্মপ্রকাশ মেহমুদের 'ছোটে নবাব' ছবিতে। তখনও তাঁর নিজস্ব ঘরানায় উত্তরণ হয়নি। তবে দাবানলের মত আর ডি বর্মণের নাম ছড়িয়ে পড়ে যখন 'তিসরি মঞ্জীল' ছবিতে অসাধারণ সুর

করলেন। বলা যায় সেই শুরু আসল রাহুলদেব বর্মণ স্টাইলের, যেটা কখনও কোনও গণ্ডির মধ্যে আটকে থাকেনি। হিন্দি সিনেমায় সুরের এমন সঙ্গম জুড়ে দিয়েছিলেন আর ডি বর্মণ ফলস্বরূপ গত শতাব্দীর ছয় থেকে আটের দশকে একের পর এক হিট গান উপহার দিয়েছেন,আজও সেই সব গান লোকের মুখে মুখে ফেরে। 'ইয়াদো কি বারাত', 'গোলমাল', 'খুবসুরত', 'সনম তেরি কাসাম', '১৯৪২, আ লাভ স্টোরি', 'রকি', 'শোলে'-র মতো জনপ্রিয় সব ছবির সংগীত পরিচালকের নাম রাহুলদেব বর্মণ। পিতৃদেব এস ডি বর্মণ তখন ছেলের গান শুনে খুশি হতে পারছেন না। বরং তাঁর কাজকর্ম নিয়ে একটু হলেও হতাশ সময়টা 'দম মারো দম'-এর। এক দিন সলিল চৌধুরীকে ডেকে শচীন কত্তা বলেও ফেললেন ''ও আমার পোলা, তোমার চেলা। কী করতাসে আমি বুঝতে পারি না। তুমি ওরে কও।'' সলিল চৌধুরী অবশ্য শচীনকত্তাকে আশ্বস্ত করে বলেছিলেন, ''শচীনদা আপনি যে ঘরানার, আমি সেই ঘরানার নই। পঞ্চমকে ওর মতো হতে দিন। দেখবেন ও সংস্কৃতিও হারাবে না আবার নিজের জায়গাও তৈরি করে নেবে।''

সলিল চৌধুরী ভুল কিছু বলেননি সেদিন। চমৎকার একটি তথ্য জানিয়েছেন গুলজার সেটা তাদের প্রথম কাজের অভিজ্ঞতা, ছবির নাম 'পরিচয়'। গান লিখছেন গুলজার, সুর দেবেন আর ডি। হঠাৎ করেই একদিন গভীর রাতে হানা দিলেন গুলজারের বাড়িতে। বললেন, ''নিচে এসো, গাড়িতে ওঠো!'' তার পর সারা রাত গাড়ি নিয়ে মুম্বই চষে বেড়ালেন আর ডি। আর গুলজারকে শুনিয়ে গেলেন একটার পর একটা ছবির জন্য বাঁধা গান! এই পাগলামিকে অনেকেই বলবেন সৃষ্টিশীলতা! যাঁরা কাছ থেকে দেখেছেন, তাঁরা বলবেন, এটাই আর ডি বর্মন! কিশোর কুমার আর ডি'র সখ্য প্রবাদের মত। 'মেহবুবা' ছবির বিখ্যাত গান 'মেরে নয়না শাওন ভাদো' কিশোরকুমার প্রথমে গাইতে রাজি হলেন না শেষপর্যন্ত আর ডি-র পীড়াপীড়িতে রাজি হয়েছিলেন। বাকিটা ইতিহাস। শুধু কিশোর কেন মান্না দে থেকে হেমন্ত মুখোপাধ্যায়, আশা ভোঁসলে, লতা মঙ্গেশকর, সংগীতের সব প্রবাদপ্রতিম শিল্পী গেয়েছেন পঞ্চমের সুরে। সমালোচকরা বলেন সুর নিয়ে যত এক্সপেরিমেন্টই আর ডি বর্মণ করে থাকুন মেলোডির জন্য করেছেন! মেলোডিকে ছাপিয়ে তিনি কোনও কম্প্রোমাইজ করেননি। এ দেশে তিনিই প্রথম ইলেকট্রনিক অর্গানের সঙ্গে ভারতীয় চলচ্চিত্রের শ্রোতা ও দর্শককে পরিচয় করিয়েছিলেন, গানটি হল 'ও মেরে সোনা রে'। পঞ্চম ছিলেন যুগের থেকে এগিয়ে থাকা একজন মানুষ। যে মানুষটি 'আও টুইস্ট করে'র মত গান তৈরি করতে পারেন সেই একই মানুষ অবলীলায় 'বুঢ়া মিল গয়া' ছবিতে অনায়াসে বিশুদ্ধ রাগ সংগীতের আধারে তৈরি করতে পারেন 'আঁয়ো কাঁহাসে ঘনশ্যাম'। আক্ষরিক অর্থেই সংগীতের রসিক শ্রোতাদের মত সমলোচকরা কৃতজ্ঞ থাকবেন রাহুলদেব বর্মণের মত সুরের জাদুকরের সৌজন্যে আমরা অসংখ্য সুন্দর ও জনপ্রিয় সব গান শুনেছি। আশা ভোঁসলেকে বিয়ে করলেন। ঝলমল করছিল দুজনের সুখের ছবি। এক দিন আচমকাই আর ডি আশাকে বললেন আজ তাঁরা শপিং-এ যাবেন। বেরনো হল গাড়ি নিয়ে। শেষ পর্যন্ত কিন্তু কেনা হল স্রেফ দুটো কাচের গ্লাস। তার পর? ওটারই তো ঝঙ্কার আমরা শুনেছি 'চুরা লিয়া হ্যায়' গানে! এই হলেন মানুষ আর ডি বর্মণ, সৃজনশীল সুরকার আর ডি বর্মণ যিনি সুরের বৈচিত্র্য বুঁদ করেছেন আট থেকে আশি বছরের মানুষকে। কিন্তু একদিন সব আশা আকাঙ্খাকে অতিক্রম করে পঞ্চম চলে গেলেন তারাদের দেশে। পিছনে ফেলে রেখে গেলেন তাঁর সুরের সাম্রাজ্য ও গুণমুগ্ধ লক্ষ - কোটি মানুষকে। সেদিন ছিল আজকের মত এক ৪ জানুয়ারি। শেষ হয়েছিল ভারতীয় সংগীতের এক অধ্যায়, একজন স্রষ্টার সৃজনশীলতা চিরদিনের মত থমকে যাওয়া, একটি অধ্যায়ের সমাপ্তি। সুরের জাদুকর আর ডি বর্মন।

বিশ্ব অ্যাম্বুলেন্স দিবসে কলকাতার অ্যাম্বুলেন্স চালকদের সম্মানিত করলো কলকাতার মণিপাল হসপিটাল। ছবি -আশিস কুমার ঘোষ

১২৫ বছর পূর্তি উদ্‌যাপন ডিউক ইনস্টিটিউশনে

সোমনাথ চক্রবর্তী, হাওড়া, ৮ জানুয়ারি ঃ ১২৫ বছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠান শুরু হলো হাওড়া জেলার অন্যতম প্রাচীন স্কুল ডোমজুড়ের ঝাপড়দহ

ডিউক ইনস্টিটিউশনে। এই উপলক্ষ্যে আজ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রীম স্বামী সুপর্ণানন্দজি মহারাজ এবং আল আমিন মিশন এর প্রতিষ্ঠাতা সম্পাদক নুরুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন ডোমজুড় পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ জয়দীপ বর্মন, ডোমজুড়ের প্রধান কবিতা পাল, সৃষ্টিধর ঘোষ, স্কুলের পরিচালন সমিতির সভাপতি শ্যামসুন্দর দত্ত, স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পার্থসারথি পতিত প্রমুখ। পার্থবাবু জানালেন, ১২৫ বছর পূর্তি উপলক্ষে ১১ জানুয়ারি পর্যন্ত বিভিন্ন রকম প্রতিযোগিতা ,প্রদর্শনী, সঙ্গীত, আলোচনা চক্র, নাটক ইত্যাদি অনুষ্ঠিত হবে। এদিন একটি স্মরণিকা ও প্রকাশ করা হয়। উল্লেখ্য ১৯০২ সালে হাওড়া জেলার তৎকালীন ম্যাজিস্ট্রেট স্যার ফ্রেডরিক উইলিয়াম ডিউক এর নামানুসারে ডিউক ইনস্টিটিউশন এর নামকরণ হয়েছে।

আধুনিক প্রযুক্তির মাধ্যমে কোচের রক্ষণাবেক্ষণ ব্যবস্থা মজবুত উত্তর-পূর্ব সীমান্ত রেলের

মালিগাঁও, ৮ জানুয়ারি ঃ উত্তর-পূর্ব সীমান্ত রেল এয়ার ব্রেক এবং নিউম্যাটিক সিস্টেমের লিকেজ সনাক্তকরণ এবং কোচের সুরক্ষা বৃদ্ধি করতে গুয়াহাটি কোচিং ডিপোর সিক লাইন ও পিট লাইনে অ্যাডভান্সড ফ্লুক আইআই৯০৫



অ্যাকোস্টিক ইমেজার টেকনোলোজি চালু করেছে। অ্যাকোস্টিক ইমেজার-এর ব্যবহার ডিভি লিকেজ, এয়ার বেলো লিকেজ এবং এয়ার ব্রেক পাইপ লিকেজ-এর দ্রুতভাবে, ভিজুয়াল ডিটেকশন করার জন্য করা হচ্ছে। এই প্রযুক্তি দৃশ্যমান ছবির উপর একটি অ্যাকোস্টিক সাউন্ড ম্যাপ দ্বারা কম্প্রেসড এয়ার ও গ্যাস লিকেজ সঠিকভাবে সনাক্ত করতে সাহায্য করে, যার ফলে সঠিক, সুরক্ষিত এবং সময়-সাশ্রয়ী ডায়াগনসিস নিশ্চিত হয়। এই পদক্ষেপ এয়ার ব্রেক লিকেজ সনাক্তকরণের নির্ভরযোগ্যতা উল্লেখযোগ্যভাবে উন্নত করে, ডায়াগনস্টিকের সময় কম করে এবং সময়মতো সংশোধনে সহায়তা করে, যার ফলে পরিচালনগত দক্ষতা বৃদ্ধি পায়। কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য, গুয়াহাটি কোচিং ডিপোতে পিট লাইন কর্মীদের কম্পিউটারাইজড আরটিআর রিপোর্টিং চালানো এবং অ্যাডভান্সড ডায়াগনস্টিক টুলস-এর ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সাড়ম্বরে 'হাওড়া ফুলমেলা'র সূচনা, চলচ্চিত্রাভিনেত্রী মাধবী মুখোপাধ্যায় ও অপরাজিতা আঢ্য'কে বিশেষ সংবর্ধনা। - নিজস্ব চিত্র

কোচবিহারে পরিবর্তন সভায় বিজেপির দিলীপ ঘোষ এবং শমীক ভট্টাচার্য্য

শিল্পী দত্ত, কোচবিহার, ৮ জানুয়ারি ঃ সামনেই বিধানসভা নির্বাচন। নির্বাচনকে সামনে রেখে ইতিমধ্যেই রাজনৈতিক দলের হেভিওয়েট নেতারা আসতে শুরু করেছে কোচবিহারে। কিছুদিন আগে রাজ্যের মুখ্যমন্ত্রী কোচবিহারে এসেছিলেন। এসে তিনি প্রশাসনিক সভাসহ জনসভা করেন। এরপর কয়েকদিন আগে কোচবিহারে আসলেন বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য তথা অভিনেতা মিঠুন চক্রবর্তী। অন্যদিকে আগামী ১৩ জানুয়ারি কোচবিহারের দক্ষিণ বিধানসভায় জনসভা করবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তার আগে আগামীকাল কোচবিহার উত্তর বিধানসভা অন্তর্গত গোপালপুর গ্রাম পঞ্চায়েতের ছাগলবেড় চৌপতিতে পরিবর্তন সভায় আসবেন বিজেপির রাজ্য সভাপতি সৌমিক ভট্টাচার্য এবং বিজেপির হেভিওয়েট নেতা তথা প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। দীর্ঘদিন বাদে আবার রিটার্ন ব্যাক দিলীপ ঘোষের। ইতিমধ্যে সভার প্রস্তুতি শুরু হয়েছে। তবে এই সভা নিয়েও শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। এই সভার জন্য ওই এলাকার যে মাঠের অনুমতি চাওয়া হয়েছিল পুলিশ প্রশাসনের পক্ষ থেকে তা অনুমতি দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন কোচবিহার জেলা বিজেপির সহ সভাপতি বিরাজ বোস। পরবর্তীতে উচ্চ আদালতের নির্দেশে ওই মাঠে আগামী কাল পরিবর্তন সভা করবে বলে জানান তিনি। প্রসঙ্গত উল্লেখ্য ওই মাঠটি ক্ষেতের মাঠ যেখানে চাষ আবাদ হয় এবং ওই মাঠের এগ্রোজন ভাগীদার রয়েছেন। বিরাজ বোস অভিযোগ করে বলেন - বিরোধী দলের সভা করতে দেওয়া হবে না বলেই শাসক দলের পক্ষ থেকে চক্রান্ত করা হয় বারবার। মানুষ সব দেখছে সঠিক সময় উত্তর দেবে। কিছুদিন আগে কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পুরাতন পোস্ট অফিস পাড়ার মাঠে এই পরিবর্তন সভায় প্রাক্তন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তথা বিজেপির রাজ্য সহ-সভাপতি নিশীথ প্রামাণিকের বক্তব্যকে ঘিরে ব্যাপক সোরগোল পড়ে। যা নিয়ে রীতিমতো বিভিন্ন থানায় প্রাক্তন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর নামে অভিযোগ করা হয় শাসকদলের পক্ষ থেকে। দিলীপ ঘোষ আগাগোড়াই বিতর্কিত মন্তব্য করে থাকেন তাই দীর্ঘদিন বাদে আগামীকাল কোচবিহারের সভাতে ওকেই আবার কোন মন্তব্য শোনা যাবে এই দিকে নেতার কাছ থেকে। প্রসঙ্গত উল্লেখ্য কোচবিহারের উত্তর বিধানসভা বিজেপির শক্ত ঘাঁটি। এবারও উত্তর বিধানসভায় পদ্মফুল ফুটবে বলে জানিয়েছেন বিধায়ক সুকুমার রায়। এই প্রসঙ্গে কোচবিহার জেলা বিজেপির সভাপতি অভিজিৎ বর্মন বলেন - আমাদের নেতৃত্ব দিন নিয়ে সভা করতে গেলে তৃণমূলের গায়ে জ্বালা হয়। তখন একপ্রকার বিভিন্ন অজুহাত দেখিয়ে সবার অনুমতি দেওয়া হয় না বাধ্য হয়ে আদালতের দ্বারস্থ হতে হয়। আমরাই সভার প্রচারের জন্য খুব বেশি সময় পাইনি তবে যেভাবে মানুষ আমাদের পাশে রয়েছে তাতো আগামীকাল ওই মাঠে জায়গা দেওয়া যাবে না কম করে হলেও ৩০ হাজার লোক হবে। যদিও এই প্রসঙ্গে কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের মুখপাত্র পার্থ প্রতিম রায় বলেন - কোচবিহার জেলায় বিজেপির ৬জন বিধায়ক রয়েছে, গত পাঁচ বছর কোচবিহারের সাংসদ দেশের স্বরাষ্ট্রপ্রতিমন্ত্রী পদে থেকেও কোচবিহারের জন্য কিছু করেনি। মনীষী পঞ্চানন বর্মার জন্য কিছু করেনি। আসলে ওদের সাথে লোক নেই। ওরা ভয় পেয়ে তাই প্রলাপ বকছে। বিধানসভা নির্বাচনের আগেই তাই আবারও শুরু হয়ে গেছে ভাষার লড়াই। বক্তব্য পাল্টা বক্তব্যে গরম হতে শুরু করেছে কোচবিহারের রাজনীতি।

রাজনৈতিক উদ্দেশ্যে কেন্দ্রীয় এজেন্সি ব্যবহারের প্রতিবাদে বীরভূমে তৃণমূলের প্রতিবাদ মিছিল

দেবশ্রী মজুমদার, রামপুরহাট, ৮ জানুয়ারি ঃ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে এদিকে ব্যবহার করছে বিজেপি, এমনই অভিযোগ তুলে বীরভূমের তিনটি মহকুমার বিভিন্ন ব্লকে প্রতিবাদ মিছিল করলো তৃণমূল কংগ্রেস। বৃহস্পতিবার বোলপুর এবং রামপুরহাটে তৃণমূলের নেতাকর্মীরা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের দূরভিসন্ধিমূলক আচরণের প্রতিবাদে এই মিছিলের আয়োজন করে। রামপুরহাটে প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার ডেপুটি স্পিকার আশীষ বন্দ্যোপাধ্যায়, রামপুরহাট পৌরসভার চেয়ারম্যান সৌমেন ভকত, সৈয়দ সিরাজ জিম্মি সহ অন্যান্য নেতৃত্ব। অন্যদিকে বোলপুরে দেখা গেল অনুব্রত মণ্ডল, মন্ত্রী চন্দ্রনাথ সিন্‌হা, সুদীপ্ত ঘোষ, কাজল শেখ, বোলপুর সাংসদ অসিত মাল প্রমুখদের। বোলপুরে এই মিছিল শুরু হয় রেলওয়ে ময়দান থেকে। দুটি হুড গাড়ির একটিতে দেখা যায় অনুব্রত মণ্ডল, সুদীপ্ত ঘোষদের এবং অন্যটিতে দেখা যায় কাজল শেখ এবং অসিত মালদের। বিষয়টি রেলওয়ে ময়দান থেকে মসজিদ রোড হয়ে শ্রীনিকেতন রোড ধরে চৌমাথায় উপস্থিত হয়। রামপুরহাটেও এস বি আই ব্যাংকের পাশে দলীয় কার্যালয় থেকে গোটা শহর পরিক্রমা করে পাঁচমাথায় শেষ হয়। কেউ কোন বক্তব্য দিতে না চাইলেও, মূলতঃ কেন্দ্রীয় এজেন্সির অপব্যবহার করে ২৬ শে তৃণমূল কংগ্রেসের ভোটের রণনীতি জানার কৌশলে স্বরাষ্ট্রমন্ত্রকের নির্দেশেই বিজেপি এই জঘন্যতম কাজ করেছে বলে তৃণমূল কংগ্রেস পথে নামে। স্লোগানে তাদের একটি দাবি আগামী নির্বাচনে সাধারণ মানুষ এর জবাব দেবে। উল্লেখ্য, কয়লাকাণ্ডে দিল্লির একটি পুরনো মামলায় রাজ্যে ফের সক্রিয় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। প্রায় দু'-আড়াই বছর পর ওই মামলায় রাজ্যে ফের সক্রিয় হল ইডি। বৃহস্পতিবার লাউডন স্ট্রিটে নির্বাচনী কৌশল রচনাকারী সংস্থা আই প্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে পৌঁছেছেন ইডি-র আধিকারিকরা। পাশাপাশি, সল্টলেকের সেক্টর ফাইভেও আই প্যাকের অফিসেও পৌঁছায় ইডি।

Pre-Offer Advertisement and Corrigendum to the Detailed Public Statement, in accordance with Regulation 18(7) of SEBI (Substantial Acquisition of Shares and Takeovers) Regulations, 2011, for the attention of the Public Shareholders of

SHENTRACON CHEMICALS LIMITED

Corporate Identification Number: L24299WB1993PLC059449;
Registered Office: 6A, 3rd Floor, Kiran Shankar Roy Road, Near High Court Kolkata, Kolkata, West Bengal, 700001
Contact No: 033-22489731 / 9538 **Website:** www.shentracon.com; **Email:** investor@shentracon.com

This Advertisement is being issued by Bonanza Portfolio Limited (the **"Manager to the Offer"**), on behalf of Mr. Amit Lalit Jain (**'Acquirer 1'**) and Mr. Hanissh Kanakraj Jaain (**'Acquirer 2'**) pursuant to Regulation 18(7) of the Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeovers) Regulations 2011 and subsequent amendments thereto (the **"SEBI (SAST) Regulations"**) in respect of the Open Offer (the **"Offer"**) to acquire upto 11,53,917 (Eleven Lakh Fifty Three Thousand Nine Hundred and Seventeen) equity shares of face value of ₹ 10/- each (Rupees Ten Only) at an offer price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) per equity share (the **"Offer Price"**) payable in cash representing 26.00% of the fully paid up equity and voting share capital of **Shentracon Chemicals Limited** (the **"Target Company"**). Further to this, Corrigendum to the Detailed Public Statement (**"Corrigendum"**) is also being issued pursuant to changes/ amendments advised by SEBI vide its letter dated Wednesday, December 24, 2025. The Detailed Public Statement made by the Manager to the Offer on behalf of the Acquirers had appeared on Friday, September 12, 2025 in Financial Express (English Daily - All Editions), Jansatta (Hindi Daily - All Editions),Mumbai Lakshadeep (Marathi Daily -Mumbai Edition) and Duranta Barta (Bengali Daily - Kolkata Edition)

This Pre-Offer Advertisement and Corrigendum should be read in conjunction with the (a) Public Announcement dated Thursday September 04, 2025 (**'PA'**), (b) Detailed Public Statement dated Thursday, September 11, 2025 published in newspapers on Friday, September 12, 2025 (c) Draft Letter of Offer dated Friday, September 19, 2025 (**"DLOO"**) and (d) Letter of Offer dated Tuesday, December 30 2025, along with the Form of Acceptance-cum-Acknowledgement ("LOO"), (the PA, DPS, DLOO, and LOO are hereinafter collectively referred to as **'Offer Documents'**) issued by the Manager to the Offer, on behalf of the Acquirers. This Pre-Offer Advertisement and Corrigendum is being published in all the newspapers in which the DPS was published.

Capitalized terms used but not defined in this Pre-Offer Advertisement and Corrigendum shall have the same meanings assigned to such terms in the PA and/or DPS and/or Letter of Offer.

1. Offer Price: The Offer Price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) per equity share of ₹ 10/- each payable in cash. There has been no revision in the Offer Price. For further details, relating to the Offer Price, please refer to Chapter 6 titled **'Offer Price and Financial Arrangements'** on page 28 of the LOO.
2. **Recommendations of the Committee of Independent Directors of the Target Company ('IDC'):** The Committee of IDC have opined that the Offer Price of ₹ 0.50 (Rupees Zero Point Fifty Paisa Only) is fair and reasonable in accordance with the provisions of SEBI (SAST) Regulations. The IDC's recommendation was approved on Wednesday, January 07, 2026 and published on Thursday, January 08 2026, in the same newspapers in which the DPS was published, as mentioned above.
3. The Open Offer is a mandatory offer being made by the Acquirers under Regulations 3(1) and 4 of the SEBI (SAST) Regulations to the Public Shareholders of the Target Company.
4. This Offer is not a competing offer in terms of Regulation 20 of SEBI (SAST) Regulations. There has been no competitive bid to this Offer.
5. Purva Sharegistry (India) Private Limited, Registrar to the Offer, has confirmed that the dispatch of the Letter of Offer to all the Public Shareholders of Target Company, holding shares as on identified Date ***i.e.*** Monday, December 29, 2025, have been completed through email and speed post on Saturday, January 03, 2026.
6. Accidental omission to dispatch the Letter of Offer to any person to whom the offer is made or the non-receipt of the LOO by any such person will not invalidate the offer in any way.
7. Please note that a copy of the LOO including Form of Acceptance cum Acknowledgment, is also available on the websites of SEBI at www.sebi.gov.in, BSE at www.bseindia.com, CSE at www.cse-india.com Target Company: www.shentracon.com; Registrar at www.purvashare.com, and Manager at www.bonanzaonline.com.
8. A summary of the procedure for tendering Equity Shares in the Offer is as below. For further details, please refer to Chapter 8 titled **'Procedure for Acceptance and Settlement of the Offer'** on page 34 of the Letter of Offer.
   - **In the case of the Equity Shares held in dematerialised form:** The Public Shareholders who are holding the Equity Shares in demat form and who desire to tender their Equity Shares in this Offer shall approach their Selling Broker/ Seller Member, indicating details of Equity Shares they wish to tender in this Offer. The Public Shareholders holding shares in Demat mode are not required to fill any Form of Acceptance-cum-Acknowledgement, unless required by their respective Selling Broker.
   - **In the case of the Equity Shares held in physical form:** The Public Shareholders who are holding physical Equity Shares and intend to participate in the Offer will be required to approach their respective Selling Broker along with the complete set of documents for verification procedures to be carried out including the Form of Acceptance-cum-Acknowledgement duly signed (by all Public Shareholders in case shares are in joint names) in the same order in which they hold the Equity Shares along with the documents specified in the LOO (including original share certificate(s), valid share transfer form and self-attested copy of the Public Shareholder's PAN card) to the Registrar to the Offer on or before the Offer Closing Date (by 5.00 p.m.). The envelope should be superscribed as **"Shentracon Chemicals Ltd - Open Offer"**.
   - **In case of non-receipt of the Letter of Offer,** such Public Shareholders of the Target Company may download the same from the SEBI website (www.sebi.gov.in) or obtain a copy of the same from the Registrar to the Offer on providing suitable documentary evidence of holding of the Equity Shares of the Target Company. Alternatively, in case of non-receipt of the Letter of Offer, shareholders holding shares may participate in the Offer by providing their application in plain paper in writing signed by all shareholder, stating name, address, number of shares held, client ID number, DP name, DP ID number, number of shares tendered and other relevant documents such as physical share certificate and Form SH-4 in case of shares being held in physical form. Such shareholders have to ensure that their order is entered in the electronic platform to be made available by BSE before the Closure of the Offer. It may be noted that no indemnity is required from the unregistered shareholders.
9. The major changes suggested by SEBI vide their Observation Letter "HO/49/12/11(41)2025-CFD-RAC DCR1/I/1044/2025' dated December 24, 2025. ("SEBI Letter"), incorporated in the Letter of Offer, is as mention herein below:
   a. The additional/amended details of the Offer have been inserted in Chapter 3 titled **'Details of this Offer'** beginning on Page 12 of the LOO
      - **Point 3.1.4 (Note 2) of the LOO-** Shentracon Financial Services Ltd. ('SFSL') continues to hold 4,00,000 equity shares (held in physical mode) of the Target Company which are subject to lock-in due to non-submission of KYC documents. The Target Company has made repeated attempts to contact SFSL and its representatives to facilitate completion of KYC and dematerialisation formalities. However, the Company has not been able to trace or establish contact with any authorised representative or director of SFSL despite best efforts through available addresses, emails, and public records. As a result, the dematerialisation process also could not be completed for the mentioned shares. The Target Company will continue its efforts to locate and communicate with SFSL and shall take appropriate steps in compliance with applicable laws upon establishing contact.
      - **Point 3.1.11 and 3.2.9 of the LOO -** However, there was a delay of one (1) working day by the Acquirers in depositing the escrow amount, which occurred solely due to non-receipt of the Escrow Account number / activation details from the Escrow Bank within the prescribed timeline, despite timely completion of all required formalities.
      - **Point 3.1.12 of the LOO -** As the Acquirers have deposited 100% of the consideration amount payable under open offer in the Escrow Account, in compliance with Regulation 22 of SEBI (SAST) Regulations, Acquirers have, after expiry of 21 working days from the date of Detailed Public Statement, have been appointed as Directors on Board of the Target Company w.e.f. October 24, 2025 and has acquired management control over the Target Company.
      - **Point 3.1.20 of the LOO -** In compliance with Regulation 24(1) read with Regulation 17, as entire consideration is deposited in the Escrow Account, the Acquirers have reconstituted the Board of Directors of the Target Company by appointing themselves or person(s) representing them on the Board of Directors of the Target Company. Accordingly, Mr. Amit Lalit Jain, Mr. Hanissh Kanakraj Jaain, CA. Ashish Bakliwal and Ms. Madhuri Toshniwal were appointed on the Board of the Target Company on October 24, 2025 in compliance with the proviso to Regulation 24(1) of SEBI (SAST) Regulations and they are representing the Acquirers on the Board of the Target Company.
      - **Point 3.2.23 of the LOO -** No complaints have been received by the company and Merchant Banker in relation to the proposed open offer or the valuation of Offer Price.
      - **Point 3.3.2 of the LOO -** The Target Company has not carried on any business activity and has not generated any revenue for the past 10 years, and the acquisition is being undertaken with the intent to revive the company's operations and explore new business opportunities.
   b. The amended/ additional details of the Acquirers have been inserted in Chapter 4 titled **'Background of the Acquirers'** beginning on Page 19 of the LOO
      - **Point 4.3.4 of the LOO -** As on LOO, there were no persons on the Board of the Target Company, representing the Acquirers. However, in compliance with Regulation 24(1) read with Regulation 17, as entire consideration is deposited in the Escrow Account, the Acquirers have reconstituted the Board of Directors of the Target Company by appointing themselves and/ or person(s) representing them on the Board of Directors of the Target Company
      - **Point 4.3.5 of the LOO -** As on date of LOO, the Acquirers do not hold any Equity Shares in the Target Company Subsequently, pursuant to the consummation of the Share Purchase Agreement upon expiry of 21 days from Detailed Public Statement, the Acquirers acquired 23,17,343 equity shares of ₹ 10/- each of Target Company representing 52.21% of the equity and voting share capital of the Target Company. The Acquirers shall make an application to BSE and CSE in accordance with the provision of Regulation 31A (10) of SEBI (LODR) Regulations for their reclassification and shall become the promoters of the Target Company, subject to the compliance of the SEBI (LODR) Regulations.
   c. The amended/ additional details of the Target Company have been inserted in Chapter 5 titled **'Background of the Target Company'** beginning on Page 21 of the LOO
      - **Point 5.9 of the LOO -** Shentracon Chemicals Limited is not categorized as a "Promoter" or part of the "Promoter Group" of any other listed entity as on date.
      - **Point 5.19 of the LOO -** As on the date of the LOO, the Acquirers do not have any representation on the Board of Directors of the Target Company. However, in compliance with Regulation 24(1) read with Regulation 17, as entire consideration is deposited in the Escrow Account, the Acquirers have reconstituted the Board of Directors of the Target Company by appointing themselves and/ or person(s) representing them on the Board of Directors of the Target Company.
      - **Point 5.25 of the LOO -** There are no depository receipts of the shares issued in foreign countries by the Target Company.
10. **Material Change from the date of Public Announcement**
নিজস্ব প্রতিনিধি, ফুলবাড়ি, ৮ জানুয়ারি ঃ মাথাভাঙ্গা-২ ব্লকের ফুলবাড়িতে এক ভয়াবহ বাইক দুর্ঘটনায় মৃত্যু হল স্বপন রায় (২৩) নামে এক যুবকের। দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন আরও দুই আরোহী। স্থানীয় সূত্রে জানা গেগোছে বাইকের ধাক্কা মৃত্যু যুবকের, জখম গেছে, বুধবার রাতে ফালাকাটার দিক থেকে একটি বাইকে করে তিনজন যুবক ফুলবাড়ির দিকে আসছিলেন। ফুলবাড়ি হাইস্কুল সংলগ্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কাছে পৌঁছাতেই নিয়ন্ত্রণ হারায় বাইকটি। প্রবল গতিতে থাকা বাইক সজোরে ধাক্কা মারে রাস্তার ধারের একটি গাছে। মুহূর্তের মধ্যে সবটা ওলটপালট হয়ে যায়। আর্তনাদ শুনে ছুটে আসেন স্থানীয় বাসিন্দারা। ঘোকসাডাঙ্গা থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তিনজনকে উদ্ধার করে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। সেখানে ধূপগুড়ি ব্লকের পুণ্ডিবাড়ির বাসিন্দা স্বপন রায়কে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। আহত অন্য দুজনের মধ্যে রাহুল বর্মনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক। তাঁর বাড়ি ফুলবাড়ির দ্বারলক্ষ্মীপুরে। তৃতীয় আরোহী শংকর রায়ের চিকিৎসা চলছে।

প্রশাসনিক দফতরে আগুন

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৮ জানুয়ারি ঃ এসআইআর প্রক্রিয়া চলাকালীনই শিলিগুড়ির মহকুমাশাসকের দফতরে বিধ্বংসী আগুন লাগল। বুধবার রাত ১১টা নাগাদ দফতরের অফিস থেকে কালো ধোঁয়া বের হতে দেখা যায়। সঙ্গে সঙ্গে ঘটনার খবর দেওয়া হয় স্থানীয় দমকল এবং পুলিশকে। খবর পেয়ে নির্বাচন দফতর (সিইও) থেকে মহকুমাশাসকের সঙ্গে যোগাযোগ করা হয়। তাতে অতিরিক্ত সিইও জানিয়েছেন, এসআইআর-এ এই অগ্নিকান্ডের প্রভাব পড়বে না। ঘটনাস্থলে আসে দমকলের দুটি ইঞ্জিন। একেবারে তৎপরতার সঙ্গে আগুন নিয়ন্ত্রণের আনার চেষ্টা করেন দমকল কর্মীরা। কীভাবে এই আগুন তা স্পষ্ট না হওয়ায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। শর্ট সার্কিট থেকে এই আগুন লাগতে পারে বলে প্রাথমিক অনুমান। ঘটনায় পুড়ে গেছে চেয়ার, টেবিল-সহ একাধিক বৈদ্যুতিন যন্ত্রপাতি। একাধিক গুরুত্বপূর্ণ নথি পুড়ে যাওয়ারও আশঙ্কা করছেন কেউ কেউ। জানা যায়, বুধবার রাতে মহকুমাশাসকের অফিস ফাঁকা ছিল। বন্ধ ছিল ঘর। সেই সময় হঠাৎ করে অফিসের ঘর থেকে কালো ধোঁয়া বের হতে দেখা যায়। দমকল আসার ৩০ মিনিটের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। ঘটনার খবর পেয়েই ঘটনাস্থলে আসেন প্রশাসনের কিছু উচ্চপদস্থ আধিকারিক। তাৎপর্যপূর্ণভাবে ওই অফিস থেকেই এসআইআর সংক্রান্ত কাজ পরিচালিত হচ্ছে। অগ্নিকাণ্ডে কিছু পুড়ে যাওয়ায় আতঙ্ক তৈরি হয়েছে। বর্তমানে সমস্ত নথি ডিজিটালাইজেশন করে রাখা হচ্ছে। যদিও সিইও দফতর থেকে খোঁজ করে এই প্রতিবেদককে জানানো হয়েছে, এসআইআর-এ এই অগ্নিকান্ডের প্রভাব পড়বে না।

জঙ্গলমহলের প্রাকৃতিক সম্পদ শালপাতাকে কাজে লাগিয়ে স্বনির্ভরতার পথে এগিয়ে চলেছেন এলাকার মানুষ

নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া, ৭ জানুয়ারি ঃ জঙ্গলমহলের অন্যতম

প্রাকৃতিক সম্পদ শালপাতাকে কাজে লাগিয়ে স্বনির্ভরতার পথে এগিয়ে চলেছেন বাঁকুড়ার আদিবাসী অধ্যুষিত এলাকার মানুষজন। ২০২৬ সালের গঙ্গাসাগর মেলায় শালপাতার থালা ও বাটি সরবরাহের জন্য বড় বরাত পেয়েছে বাঁকুড়া জেলার রাইপুর ব্লকের ডিআরএমএস ল্যাম্পস এবং সারেঙ্গা ব্লকের সিএনজিএস ল্যাম্পস। রাজ্যের পরিবেশ দফতরের নির্দেশে এই দু'টি ল্যাম্পসকে পরিবেশবান্ধব সামগ্রী সরবরাহের দায়িত্ব দেওয়া হয়েছে। চলতি বছরে গঙ্গাসাগর মেলায় প্রায় ২ লক্ষ শালপাতার থালা ও ৪ লক্ষ বাটি সরবরাহ করা হবে, যার আর্থিক মূল্য প্রায় ৮ লক্ষ টাকা। ল্যাম্পস সূত্রে জানা গেছে, ইতিমধ্যেই থালা ও বাটি তৈরির কাজ সম্পন্ন হয়েছে এবং সম্প্রতি গাড়িতে করে সেই সামগ্রী গঙ্গাসাগর-বকখালি উন্নয়ন পর্ষদের কাছে পাঠানো হচ্ছে। উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দফতরের আর্থিক সহায়তায় এবং আদিবাসী উন্নয়ন দফতরের সহযোগিতায় রাইপুর ও সারেঙ্গা ব্লকে শালপাতার থালা ও বাটি তৈরির ইউনিট চালু করা হয়েছে। এই ইউনিটগুলিতে এলাকার আদিবাসী স্বনির্ভর গোষ্ঠীর মহিলা ও পুরুষরা নিয়মিত কাজ করছেন, ফলে তাঁদের বাড়তি আয়ের সুযোগ তৈরি হয়েছে। রাইপুর ব্লকের সোনাগাড়া পঞ্চায়েতের ঝারিয়াকোচা পারসিমালা মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্য অর্চনা মুর্মু বলেন, আগে শালপাতা বিক্রি করতে নানা সমস্যায় পড়তে হত। এখন জঙ্গল থেকে শালপাতা সংগ্রহ করে তা শুকিয়ে ল্যাম্পস-এর কাছে বিক্রি করা যায়, ফলে সংসারের খরচ চালাতে সুবিধা হচ্ছে। একই অভিজ্ঞতার কথা জানিয়েছেন মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা। তাঁরা জানান, থালা ও বাটি তৈরির সব কাজ নিজেরাই করেন এবং বড় বরাত পাওয়ায় কাজ ও আয় দু'টোই বেড়েছে। ডিআরএমএস ল্যাম্পসের ম্যানেজার জানান, বর্তমানে রাইপুর ব্লকের প্রায় ১৫০টি আদিবাসী পরিবার এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হচ্ছেন। অন্যদিকে, সিএনজিএস ল্যাম্পসের ম্যানেজার দুর্গাপ্রসাদ মাণ্ডি বলেন, সারেঙ্গা ব্লকের প্রায় ২০ টি স্বনির্ভর গোষ্ঠীর অন্তর্ভুক্ত প্রায় ৮০ টি পরিবার এই উদ্যোগের সঙ্গে যুক্ত। গঙ্গাসাগর মেলার মতো বড় সরকারি বরাত ভবিষ্যতেও মিললে জঙ্গলমহলে কর্মসংস্থান বাড়বে এবং আদিবাসী মানুষজন নিজেদের এলাকাতেই কাজ করে স্বনির্ভর হয়ে উঠতে পারবেন বলে আশাবাদী সংশ্লিষ্টরা।

বাগান থেকে উদ্ধার মহিলার অর্ধনগ্ন মৃতদেহ, পাশে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার শিশু পুত্র

মিঠুন হালদার, মুর্শিদাবাদ, ৮ জানুয়ারি ঃ সাতসকালে মা ও ছেলেকে খুনের চেষ্টা। আশঙ্কাজনক অবস্থায় শিশুকে উদ্ধার করা গেলেও মাকে বাঁচানো সম্ভব হয়নি। ঘাতককে শিশুটি চিনে ফেলায় সম্ভবত তাকেও খুনের চেষ্টা করা হয়েছিল বলে অনুমান। বৃহস্পতিবার সকালের এই ঘটনাকে কেন্দ্র করে সামশেরগঞ্জ থানার অন্তর্গত তারাপুর হাসপাতাল সংলগ্ন এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। স্থানীয় সূত্রে জানা গেছে, মুর্শিদাবাদের সামশেরগঞ্জ থানার অন্তর্গত তারাপুর হাসপাতাল কলোনী উত্তরপাড়া সংলগ্ন একটি বাগানে সকালবেলা এক মহিলার অর্ধনগ্ন দেহ এলাকাবাসীর নজরে আসে। মহিলার পাশেই আশঙ্কাজনক অবস্থায় পড়ে থাকতে দেখা যায় একটি শিশুকে। এরপরই এলাকার লোকজন খবর দেয় সামশেরগঞ্জ থানায়। সামশেরগঞ্জ থানা থেকে পুলিশ এসে ইতিমধ্যে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে গেছে। মহিলার পাশে উদ্ধার হওয়া শিশুটিকে চিকিৎসার জন্য প্রথমে পাঠানো হয় নিকটবর্তী অনুপনগর হাসপাতালে। সেখানে শিশুটির শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাকে জঙ্গিপুর হাসপাতালে রেফার করে দেন চিকিৎসকরা। তবে মৃত ওই মহিলার নাম ও পরিচয় এখনও জানা যায়নি। এক মহিলার অর্ধনগ্ন মৃতদেহ এবং পাশে গুরুতর আহত এক শিশু উদ্ধারের ঘটনাকে ঘিরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে গোটা এলাকাজুড়ে। মৃতদেহ শনাক্তকরণ সহ গোটা ঘটনার তদন্ত করে দেখছে সামশেরগঞ্জ থানার পুলিশ। আব্দুল মোল্লা নামে এক স্থানীয় বাসিন্দা জানিয়েছেন, বৃহস্পতিবার সকালবেলা তারাপুর হাসপাতালের পেছনের বাগানে এলাকাবাসীর নজরে আসে অর্ধনগ্ন এক মহিলার মৃতদেহ। তার পাশে তিন বছরের একটি বাচ্চাকে আশঙ্কাজনক অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। তখনই আমরা পঞ্চায়েত অফিস এবং সামশেরগঞ্জ থানায় খবর দিই। থানা থেকে পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে গেছে এবং আমাদের এক পঞ্চায়েত সদস্য আশঙ্কাজনক অবস্থায় বাচ্চাটিকে নিকটবর্তী অনুপনগর হাসপাতালে নিয়ে যায়। তবে এলাকাবাসীর কেউই এখনও পর্যন্ত মৃত মহিলাকে শনাক্ত করতে পারেনি। ওই মহিলাকে অন্য জায়গা থেকে এনে খুন করা হয়েছে বলে এলাকাবাসীর অনুমান। মৃত ওই মহিলা বিবাহিত এবং পাশে উদ্ধার হওয়া শিশুটি তাঁর সন্তান বলে এলাকাবাসী জানতে পেরেছেন। এক গ্রামবাসী জানান, ওই মহিলাকে ধারালো অস্ত্র দিয়ে খুন করার পর সেই অস্ত্র দিয়ে শিশুটিকেও খুন করার চেষ্টা করা হয়েছিল। শিশুটির মাথায় এবং মুখে গভীর ক্ষত চিহ্ন রয়েছে এবং আতঙ্কে সে নিজের নাম ঠিকানা পর্যন্ত বলতে পারছে না। এসডিপিও (ফরাক্কা) শেখ সামসুদ্দিন বলেন, ফরাক্কা এবং সামশেরগঞ্জ থানার সীমান্তবর্তী একটি এলাকায় বাগানের মধ্যে এক মহিলার দেহ উদ্ধার হয়েছে। মহিলার দেহের পাশে তাঁর সন্তানকে রক্তাক্ত অবস্থায় পাওয়া গেছে। বেলা ১১ টা পর্যন্ত ওই মহিলার পরিচয় জানা যায়নি। কীভাবে এই ঘটনা হলো তা তদন্ত করে দেখা হচ্ছে। আহত শিশুকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জমির পাশ থেকে উদ্ধার ব্যক্তির দেহ, চাঞ্চল্য

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ৮ জানুয়ারি ঃ বৃহস্পতিবার ভোরবেলায় নিজের আলুর জমির পাশ থেকে উদ্ধার হল এক ব্যক্তির মৃতদেহ। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে বীরভূমের মহম্মদবাজার থানার ভূতুরা পঞ্চায়েতের কেনেরা গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতের নাম বাবলু সোরেন। প্রতিদিনের মত এদিনও তিনি রাতে নিজের আলুর জমি পাহারা দিতে গিয়েছিলেন। তারপর সকালে বাড়ি ফিরছেন না দেখে ওই ব্যক্তির স্ত্রী জমিতে গিয়ে দেখেন, স্বামীর দেহ জমির পাশে পড়ে রয়েছে। পেটে আঘাতের চিহ্ন রয়েছে। তারপরেই তিনি গিয়ে গ্রামবাসীদের খবর দেন। খবর দেওয়া হয় মহম্মদবাজার থানার পুলিশকে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ এবং মৃতদেহ উদ্ধার করে সিউড়ি সদর হাসপাতালে পাঠানো হয়। কী ভাবে এমন ঘটল তা এখনও স্পষ্ট নয়। মৃত্যুর কারণ জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

e – Tender Notice

e-Tender are invited for works as follows:
1. Name of work:- Emergent repairing works and Installation of 2nos New Feeder Pillar Box at Lock Gate Flyover under Hooghly River Bridge Commissioners.
Tender ID - 2026_HRBC_985540_1
e-NIT No. HRBC/JPM(E)/NIT/14/25-26.
Last date of submission of bid (online) is **21.01.2026** up to 10.00 AM.
Other details may be seen from the website:https://wbtenders.gov.in.

Joint Project Manager (Electrical)
HRBC

খড়গপুর ডিভিশনে পার্কিং চুক্তির জন্য ই-অকশন বিজ্ঞপ্তি

ই-অকশন বিজ্ঞপ্তি নং ঃ সিওএম/জি-৩০/২/পার্কিং/সিপিআরও/২৬/০১ তারিখ ঃ ০৭.০১.২০২৬

ভারতীয় প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়গপুর ডিভিশন, দক্ষিণ পূর্ব রেলওয়ে কলাইকুণ্ডাতে বিবিধ পার্কিং, খড়গপুর (দক্ষিণ) ও মেদিনীপুর (পূর্ব)-তে চার চাকার পার্কিং এবং বড়গাছিয়া, মৌড়ীগ্রাম পাঁশকুড়া (দক্ষিণ/১)-তে দুই চাকার পার্কিং-এর পার্কিং লটের জন্য ই-অকশন আহ্বান করছেন। **অকশন ক্যাটালগ নং ঃ পার্কিংকেজিপি-২৬-১, অকশন তারিখ ঃ ২৩.০১.২০২৬, অকশন শুরু ঃ সকাল ১১টা এবং বন্ধের সময় ঃ ১২.২০ মিনিট, যা https://www.ireps.gov.in/** ওয়েবসাইটে বিজ্ঞাপিত হয়েছে। আগ্রহী সংস্থা ও ঠিকাদাররা এ বিষয়ে অবহিত হোন এবং ই-অকশন বিজ্ঞপ্তি সম্পর্কে বিশদ ও সম্পর্কিত তথ্যের জন্য উপরোক্ত ওয়েবসাইট দেখুন। অনুসন্ধান/জিজ্ঞাসা যদি থাকে, অনুগ্রহ করে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করুন।

(PR-1039) সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়গপুর

দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

OFFICE OF DURGAPUR ABHOYNAGAR II GRAM PANCHAYAT BELANAGAR, ABHOYNAGAR, NISCHINDA, HOWRAH-711205

SHORT NOTICE INVITING ELECTRONIC TENDER NO. - WB/HOW/BJPS/DAII GP/NIT-24/25-26,
The PRODHAN, DURGAPUR ABHOYNAGAR II GRAM PANCHAYAT, Howrah invites e-Tender for 3(Three) different works from the reputed and resourceful contractor/firm/Public Sector undertaking/ Government Company. Bid submission start date (online) **08/01/2026 at 6.00 pm**. Bid Submission end date (online) **21/01/2026 at 6.00 pm**. Bid opening date for Technical Proposals (online)-**27/01/2026 at 12.00 pm**. For details please visit website **https://wbtenders.gov.in.**

Sd/- PRODHAN
DURGAPUR ABHOYNAGAR II GRAM PANCHAYAT

পাখি রোধী ডিস্কের ব্যবস্থা করা

ই-টেণ্ডার নোটিস নং. এপি-ইএল-টিআরডি-১৮-২৫-২৬-আরটি১ তারিখঃ ০৫-০১-২০২৬। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **টেণ্ডার সংখ্যাঃ এপি-ইএল-টিআরডি-১৮-২৫-২৬-আরটি১। কাজের নামঃ** বৈদ্যুতিক খণ্ডের কম্পোজিত এবং পর্সিলেইন ইনসুলেটরে পাখির ত্রুটি (স্টে টিউব ব্র্যাকেট টিউব এবং ৯-টন ইনসুলেটর) রোধ করার জন্যে পাখি রোধী ডিস্কের ব্যবস্থা করা এবং সক্রিয় উচ্চ ভলটেজ কাঠামোতে বাঁনরের আরোহন রোধ করার জন্যে বাঁনর রোধী ডিভাইসের (নলাকৃতি প্রণালী) ব্যবস্থা করা (মাষ্ট, পর্টেল, আপরাইটস, গ্যান্ট্রী মাষ্ট আপরাইটস আদি)। **টেণ্ডার রাশিঃ** ৯৪,৭৭,৮১০/- টাকা। **বায়না রাশিঃ** ১,৮৯,৬০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ৩০-০১-২০২৬** তারিখে **১৫.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ১৫.৩০** ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই/টিআরডি, ওপিএণ্ডজিএস,
আলিপুরদুয়ার জংশন

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

NOTICE INVITING E-TENDER No. 010/CGP/2026, Dated: 08/01/2026

The Prodhan Chaktentul Gram Panchayat invites e-tender for the work of Const. of CC Cover Drain with Sock Pit at 2(Two) different places. Date of closing of submission of Technical & Financial Bid. (Online): **16/01/2026 up to 17.00 IST.** Date of opening or Technical Bid: **20/01/2026 up to 17.00 IST**. For details visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Chaktentul Gram Panchayat

আলিপুরদুয়ার জংশনে বৈদ্যুতিক টিআরডি কাজ

ই-টেণ্ডার নোটিস নং. এপি-ইএল-টিআরডি-১০-২৫-২৬-আরটি২ তারিখঃ ০৫-০১-২০২৬। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **টেণ্ডার সংখ্যাঃ এপি-ইএল-টিআরডি-১০-২৫-২৬-আরটি২। কাজের নামঃ** "নিউ মাল জংশন-আলিপুরদুয়ার জংশন (এসএল)- টিএসআর (পি)- ৬৫.৮০০ টিকেএম" কাজের বিপরিতে বিভিন্ন প্রকার বণ্ডের ব্যবস্থা করার সঙ্গে সম্পর্কিত বৈদ্যুতিক টিআরডি কাজ। **টেণ্ডার রাশিঃ** ৬৯,৩০,২৬০.৬৭/- টাকা। **বায়না রাশিঃ** ১,৩৮,৬০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ** ৩০-০১-২০২৬ তারিখে **১৫.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ১৫.৩০** ঘন্টায় ডিআরএম/ইলেক্ট (টিআরডি)/আলিপুরদুয়ার জংশন কার্যালয়ে। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই/টিআরডি, ওপিএণ্ডজিএস,
আলিপুরদুয়ার জংশন

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

মিউটেশন আবেদনকারী রায়তের নামঃ
Bishwajit Tiwary, S/O- krishnadeo Tiwary
Sudha Tiwary . W/O- Bishwajit Tiwary
আমোক্তারনামা দাতাঃ **Mayank Jindal, S/o- Ashok Jindal**
ঠিকানাঃ **Mahatma Gandhi Road**
গ্রহীতাঃ
আমোক্তারনামা নং ও সনঃ **6/06/22** নং বহি
——— নং বহি
আমোক্তারনামা বলে দলিল নং ও সনঃ **I-1984 of 11/6/2025**
নামজারি কেস নংঃ **MN/2026/0702/244/245**
উক্ত আমোক্তারনামা বলে দলিল অনুযায়ী উপরোক্ত মিউটেশন এর বিষয়ে বক্তব্য / আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশ হবার একমাসের মধ্যে সদর সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে লিখিত আকারে তা পেশ করবেন। অন্যথায় আইন অনুযায়ী আবেদনটি নিস্পত্তি করা হবে।
দলিলে বর্ণিত তপশিল সম্পত্তির বিবরণ ও পরিমাণ এবং খতিয়ান সই ক্রেতা/ গ্রহীতা ও বিক্রেতা/ দাতার নাম ও ঠিকানা নিম্নরূপঃ
L.R. plot- 228, 229 R.S. plot- 92 L.R.Sheet no- 81, R.S. Sheet no- 13 R.S. Khatian no-2/4
(আদেশ নং- ১০০০- I.S./২২/২০২৪ তারিখ ২৭.০২.২০২৪ অনুসারে বিজ্ঞপ্তি, পশ্চিমবঙ্গ সরকার ভূমি ও ভূমি সংস্কার ও শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর দ্বারা বলবৎকৃত)
বিজ্ঞপ্তি দাতার নামঃ **Bishwajit Tiwary**
পিতা ঃ **Krishnadeo Tiwary**
ঠিকানাঃ **Jalpaiguri**

মিউটেশন আবেদনকারী রায়তের নামঃ
দুলাল রায়
আমোক্তারনামা দাতাঃ **শ্রীমতি সীমা ঘোষ**
ঠিকানাঃ **কলাইবেচীপাড়া, পোঃ খাড়িজা, বেরুবাড়ি, থানাঃ কোতোয়ালী, জেলা-জলপাইগুড়ি**
গ্রহীতাঃ **শ্রী দুলাল রায়**
আমোক্তারনামা নং ও সনঃ **I-2532/2023** নং বহি
——— নং বহি
আমোক্তারনামা বলে দলিল নং ও সনঃ **I-2532/2023**
নামজারি কেস নংঃ **MN/2025/0702/3251**
উক্ত আমোক্তারনামা বলে দলিল অনুযায়ী উপরোক্ত মিউটেশন এর বিষয়ে বক্তব্য / আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশ হবার একমাসের মধ্যে সদর সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে লিখিত আকারে তা পেশ করবেন। অন্যথায় আইন অনুযায়ী আবেদনটি নিস্পত্তি করা হবে।
দলিলে বর্ণিত তপশিল সম্পত্তির বিবরণ ও পরিমাণ এবং খতিয়ান সই ক্রেতা/ গ্রহীতা ও বিক্রেতা/ দাতার নাম ও ঠিকানা নিম্নরূপঃ
মৌজা-খড়িয়া, সিট নং-27, দাগ নং R.S.- 1897 L.R. 1707 খতিয়ান নং R.S.- 7009, L.R. - 3126 পরিমাণ -0.413 একর
(আদেশ নং- ১০০০- I.S./২২/২০২৪ তারিখ ২৭.০২.২০২৪ অনুসারে বিজ্ঞপ্তি, পশ্চিমবঙ্গ সরকার ভূমি ও ভূমি সংস্কার ও শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর দ্বারা বলবৎকৃত)
বিজ্ঞপ্তি দাতার নামঃ **শ্রী দুলাল রায়**
পিতা ঃ প্রয়াত বেনীমাধব রায়
ঠিকানাঃ কলাইবেচীপাড়া, পোঃ খাড়িজা, বেরুবাড়ি, থানাঃ কোতোয়ালী, জেলা-জলপাইগুড়ি

Office of The Executive Officer
Bishnupur-I Panchayet Samity
Bhasa, South 24 Parganas
NOTICE INVITING e-TENDER

E-Tender is hereby invited by the undersigned for different schemes under Bishnupur-I Panchayat Samity, details of which as noted below: **1. N.I.T. No: WB/BISHNUPUR-I/EO/NIT-25(01)/2025-26(2nd Call)**, **Date: 07/01/2026. i)** Bid submission start date: **08.01.2026 at 11:00 Hrs**. **ii)** Bid submission closing date: **20.01.2026 at 11:00 Hrs**. **2. N.I.T. No: WB/BISHNUPUR-I/EO/NIT-24(01)/2025-26(3rd Call)**, **Date: 08/01/2026. i)** Bid submission start date: **09.01.2026 at 11:00 Hrs**. **ii)** Bid submission closing date: **24.01.2026 at 12:30 Hrs**. **3. N.I.T. No: WB/BISHNUPUR-I/EO/NIT-26(04)/2025-26(2nd Call)**, **Date: 08/01/2026. i)** Bid submission start date: **09.01.2026 at 11:00 Hrs**. **ii)** Bid submission closing date: **24.01.2026 at 12:30 Hrs**. For further details please visit the website **http://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Bishnupur-I Panchayat Samity
Bhasa, South 24 Parganas

CORRIGENDUM

This is for information to all concerned that the following correction have to made against the **e-N.I.T No- WBMAD/DKM/CP/e-NIT-100/2025-26** (SL No-01 to 03) & WBMAD/DKM/CP/e-NIT-101/2025-26 (SL No-01 to 03)& WBMAD/DKM/CP/e-NIT-102/2025-26 (SL No-03&04) & WBMAD/DKM/CP/e-NIT-103/2025-26 (SL No-02,03,06 to 12)
Tender Id is 2025_MAD_968765_1, 2025 MAD_968765_2, 2025_MAD_968765_3, 2025_MAD_968847_1, 2025_MAD_968847_2, 2025_MAD_968847_3, 2025_MAD_970175_3. 2025_MAD_970175_4. 2025_MAD_970704_2. 2025_MAD_970704_3, 2025_MAD_970704_6, 2025_MAD_970704_7, 2025_MAD_970704_8, 2025_MAD_970704_9, 2025_MAD_970704_10, 2025_MAD_970704_11 & 2025_MAD_970704_12 Bid Submission closing date (Online)- **27/01/2026 instated of 06/01/2026 & 07/01/2026** and Bid Submission opening date (Online)- **29/01/2026 instated of 08/01/2026 & 09/01/2026** Details may be seen from **www.wbtenders.gov.in** the official website of e-tender. All other terms & condition will remain unchanged.

Sd/-
Chairperson
Dankuni Municipality

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া- ৭১১১০১
ফোনঃ ০৩৩ ২৬৩৮ ৩২১১ /১২/১৩ ফ্যাক্স ঃ০৩৩ ২৬৪১ ০৮৩০ **www.hmcgov.in**
কাগজে প্রকাশের জন্য সংক্ষিপ্ত দরপত্র বিজ্ঞপ্তি

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, এইচএমসি, এইচএমসি-র শরৎ সদনে ১ (এক)টি কাজের জন্য দরপত্র আহ্বান করছেন। আগ্রহী দরদাতাদের প্যান কার্ড, ট্রেড লাইসেন্স, জিএসটি সার্টিফিকেট ও রিটার্ন (চলতি ত্রৈমাসিক), পিটিসিসি, আইটিসিসি এবং যোগ্যতার প্রমাণপত্র সহ প্রস্তাব জমা দিতে হবে।
অনলাইনে দরপত্র জমা দেওয়ার শুরুর তারিখঃ০৬.০১.২০২৬, সন্ধ্যা ৬.০০ থেকে।
অনলাইনে দরপত্র জমা দেওয়ার শেষ তারিখঃ ২৪.০১.২০২৬, সন্ধ্যা ৬.০০ পর্যন্ত।
অনুগ্রহ করে দেখুনঃ https://wbtenders.gov.in।

২৫৮(৩) / ২৫-২৬
৮।১।২০২৬

সচিব
হাওড়া পৌরনিগম

Office of the Amardaha Gram Panchayat
Under Shyampur-II Dev. Block
NOTICE INVITING e-TENDER No. (1) WB/HOW/AGP/eNIT-21/CFC/25-26, (2) WB/HOW/AGP/eNIT-22/CFC/25-26, (3) WB/HOW/AGP/eNIT-23/CFC/25-26, (4) WB/HOW/AGP/eNIT-24/CFC/25-26, (5) WB/HOW/AGP/eNIT-25/CFC/25-26

The Pradhan, Amardaha Gram Panchayat, Sitapur, Amardaha, Shyampur, Howrah invites e-tender for similar works. Bid submission closing date(online) **15.01.2026 at 05:00 pm**. Bid opening date for Technical Proposals **17.01.2026 at 05:00 P.M**. For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/-Pradhan
Amardaha Gram Panchayat

OFFICE OF THE BLOCK DEV. OFFICER
Joypur Dev. Block, Joypur, Purulia
NOTICE INVITING TENDER NO: NIeT-27/APAS/BDO/2025-26

E tenders are invited by the undersigned from eligible bonafide contractors having requisite credentials and other valid documents **upto 12.00 PM of 06.02.2026** under APAS 2025-26. For details intending participants may contact to the office of The undersigned or visit website **www.wbtenders.gov.in** in any working day before the Last date for submission of bid documents.

Sd/- Block Development officer
Joypur Development Block

OFFICE OF THE PURULIA-I DEVELOPMENT BLOCK
At-Chakda, Kotloi, Purulia, 723102.

Memo. No. 104/BDO/P-I Dated: 02/01/2026

Notice

Block Development Officer, Purulia-I Development Block invites E-tender as follows: NIeT No.- **WBPUR/BDO/Niet-34/25-26** dt.02.01.2026, for 16no. schemes **(Tender ID 2026_DM_5006085_01 to 2026_DM_5006085_25)** under APAS within the jurisdiction of Purulia-I Development Block. Last Date of tender submission is **09.01.2026 up to 6:55 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in.**

Sd/-
Block Development Officer
Purulia-I Development Block

VIVEKANANDA INSTITUTE OF EDUCATION
(B.Ed. & D.El.Ed., Composite)
Recognized by N.C.T.E. & Affiliated to B.S.A.E.U. & W.B.B.P.E.
Vill.: Chandipur, P.O.: Senai, P.S: Goghat, Dist.: Hooghly, Pin-712611, W.B.
E-Mail: vbie2015@gmail.com, M-9635670567

Applications are invited for the D.El.Ed. department post of Principal/HOD, Perspectives in Education/Foundation of Education (04), Science (04), Humanities and Social Science (05), Bengali (03), English (01) Fine Arts/Performing Arts (01), Music (01), Health & Physical Education (01), Librarian (01) B.Ed. department post of Principal/HOD, Assistant Professor of following subjects Foundation (05), Bengali, (01), English(01), Geography (01), Mathematics (01), Sanskrit (01), History(01) Education(02) Political Science(01), Life Science (01), Physical Science (01), Music (01), Hindi (01), Commerce (01), Health & Physical Education (01), Fine Arts (01), Performing Arts (01) Librarian (01)
Norms. Qualifications are required as per NCTE, Willing candidates are requested to send their CV with all testimonials, including Aadhaar Card, Pan Card & Colour Photo mentioning. Name of post to the above mentioned E-Mail id & by post within 7 days.

Secretary

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer (Civil), Br.-XVI, KMC** invites e-tender online percentage rate two bid system for following work :
NIT No. : KMC/E.E.(C)/BR-XVI/144/027/25-26/UTTARAN
Name of work : **Const. of U/G sewer at slum area of Kayal Para near Pre. No. 6 in Ward No. 144**; Estimated Cost : ₹ **3,99,661.81 (Including GST & CESS)**; Earnest Money : ₹ **8,000.00**; Period of completion : **21 Days**; Last date and time of submission of bid : **19.01.2026 - 12 Noon**; The tender will be opened on : **21.01.2026 - 12 Noon**; The bid forms and other details are available on and from **09.01.2026 (5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Civil), Br.-XIII, KMC** invites e-tender online percentage rate two bid system for the following works :
(1) NIT No. : KMC/XIII/119/35/25-26/APAS (2nd Call)
Name of work : **Improvement of C.C. road at different places of 28A, 28B, 28D, 28/7 etc. Brojan Mukherjee Road bye lane surrounding area in Ward No. 119**; Work Value : ₹ **3,99,177.71**; Earnest Money : ₹ **8,000.00**; Period of completion : **30 Days**; Last date of submission of bid : **17.01.2026 (upto 11 am)**; Tender will be opened on : **19.01.2026 (11 am)**; The bid forms and other details are available on and from **09.01.2026 (From 5 pm)** from the website **https://tenders.wb.gov.in/nicgep/ap**
(2) NIT No. : KMC/XIII/122/156/25-26/US (1st Call)
Name of work : **Maintenance of U/G sewer, surface drain and cover slab drain at different places of Dhawan Colony and Ishan Ghosh Road near Pr. No. 141, 145, 181 etc. and 514 surrounding Uttaran area in Ward No. 122, Br.-XIII**; Work Value : ₹ **3,98,457.52**; Earnest Money : ₹ **8,000.00**.
(3) NIT No. : KMC/XIII/122/153/25-26/US (1st Call)
Name of work : **Maintenance of damaged road by C.C. pavement at Ustad Amir Khan Sarani bye lane near Pr. No. 2039, 319, M.G. Road bye lane near Pr. No. 1221 different places of Hem Chandra Mukherjee Road Uttaran area in Ward No. 122, Br.-XIII**; Work Value : ₹ **3,98,563.32**; Earnest Money : ₹ **8,000.00**.
(4) NIT No. : KMC/XIII/122/151/25-26/US (1st Call)
Name of work : **Development of U/G sewer at Surya Sen Pally and Ustad Amir Khan Sarani bye lane Uttaran area near Pr. No. 55, 55/1 and 113/1 etc. in Ward No. 122, Br.-XIII**; Work Value : ₹ **3,99,823.17**; Earnest Money : ₹ **8,000.00**; Period of completion : **30 Days (For Sl. No. 2 to 4)**.
(5) NIT No. : KMC/XIII/122/154/25-26/US (1st Call)
Name of work : **Construction of sanitary latrines at Khudiram Colony, 20/2 Ustad Amir Khan Sarani, 206 Sodepur Road, 82 Pally Uttaran areas in Ward No. 122, Br.-XIII**; Work Value : ₹ **4,97,908.58**; Earnest Money : ₹ **10,000.00**.
(6) NIT No. : KMC/XIII/122/152/25-26/US (1st Call)
Name of work : **Improvement of C.C. pavement at Surya Sen Pally near Pr. No. 51/2, 51/1 Ustad Amir Khan Sarani near Pr. No. 904, 113/1, Sukanta Pally near Pr. No. B-23 and Dakshin Para Green Park near Pr. No. 631 etc. Uttaran area in Ward No. 122, Br.-XIII**; Work Value : ₹ **4,99,285.74**; Earnest Money : ₹ **10,000.00**; Period of completion : **35 Days (For Sl. No. 5 & 6)**; Last date of submission of bid : **20.01.2026 (upto 11 am) (For Sl. No. 2 to 6)**; Tender will be opened on : **22.01.2026 (11 am) (For Sl. No. 2 to 6)**; The bid forms and other details are available on and from **09.01.2026 (From 5 pm) (For Sl. No. 2 to 6)**; The website **https://etender.wb.nic.in (For Sl. No. 2 to 6)**.
(7) NIT No. : KMC/XIII/120/053/25-26/APAS (2nd Call)
Name of work : **Maintenance of sewer line at Nafar Chandra Das Road near Pr. No. 47/1/1, 6/1, 13, 14D, 15 etc. in Ward No. 120, Br.-XIII**; Work Value : ₹ **2,99,331.20**; Earnest Money : ₹ **6,000.00**.
(8) NIT No. : KMC/XIII/120/088/25-26/APAS (2nd Call)
Name of work : **Maintenance of road at Bhupen Roy Road bye lane near Pr. No. 51/D by C.C. pavement work with construction of bench with shed in Ward No. 120, Br.-XIII**; Work Value : ₹ **3,57,063.98**; Earnest Money : ₹ **7,200.00**; Period of completion : **30 Days (For Sl. No. 7 & 8)**; Last date and time of submission of bid : **24.01.2026 (5 pm) (For Sl. No. 7 & 8)**; Tender will be opened on : **27.01.2026 (5 pm) (For Sl. No. 7 & 8)**; The bid forms and other details are available on and from **14.01.2026 (From 11 am) (For Sl. No. 7 & 8)**; The website **https://tenders.wb.gov.in (For Sl. No. 7 & 8)**.

1913/25-26

বৈঁক ऑफ़ इंडिया Bank of India BOI
Relationship beyond Banking

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
সম্পদ পুনরুদ্ধার বিভাগ
কলকাতা আঞ্চলিক কার্যালয়

৫, বিটিএম সরণী, ৬ তলা, কলকাতা- ৭০০০০১

বিক্রয় বিজ্ঞপ্তি (বন্ধক রাখা স্বর্ণালঙ্কারের নিলাম)

এতদ্বারা নিম্নলিখিত স্বর্ণ ঋণ গ্রহীতা, তাদের আইনানুগ উত্তরাধিকারী, স্বর্ণালঙ্কার /গহনা/ মুদ্রার ব্যবসায় নিয়োজিত ব্যক্তি এবং সাধারণ জনগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যাংকের পক্ষ থেকে বারবার তাগাদা/ নোটিশ দেওয়া সত্ত্বেও নিম্নলিখিত ঋণগ্রহীতারা ব্যাংকের পাওনা পরিশোধ করছেন না। এতদ্বারা নোটিশ জারি করা হচ্ছে যে, যদি তারা ২২.০১.২০২৬ তারিখের মধ্যে তাদের নিজ নিজ স্বর্ণ ঋণ অ্যাকাউন্টে সমস্ত পাওনা (আপ-টু-ডেট সুদ এবং সমস্ত খরচ / চার্জসহ) জমা দিতে ব্যর্থ হন, তবে তাদের বন্ধক রাখা স্বর্ণালঙ্কারগুলো ব্যাংক কর্তৃক ২৩.০১.২০২৬ তারিখে দুপুর ১২.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত ই-অকশন ওয়েবসাইটঃ http://egold.auctiontigernet-এর মাধ্যমে ঋণগ্রহীতার খরচে ই-নিলামে তোলা হবে। এর জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা বা তাদের মাধ্যমে দাবিদার কোনো ব্যক্তির কোনো অসুবিধা বা ক্ষতির জন্য ব্যাংক দায়ী থাকবে না এবং এ বিষয়ে কোনো ঋণগ্রহীতার কাছ থেকে কোনো অভিযোগ / আপত্তি গ্রহণ করা হবে না। এছাড়াও, প্রয়োজনে ব্যাংক উপরোক্ত নির্ধারিত নিলামের তারিখ ও সময় পরিবর্তন করার বা কোনো কারণ দর্শানো ছাড়াই তা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ক্রম নং.	শাখা অফিস	ঋণগ্রহীতাদের নাম	ঋণগ্রহীতাদের অ্যাকাউন্ট	মোট গ্রস ওয়েট (গ্রাম)	মোট নিট ওয়েট (গ্রাম)	বকেয়া পরিমান (টাকা)	সংরক্ষিত মূল্য (টাকা)	ইএমডি মূল্য (টাকা)
১	যোধপুর পার্ক	দেবাশীষ সমাদ্দার	৪০১০৭৭৬১০০০০২৩০	২৭.৬০	২৫.৩০	১,১৯,৯১৬.৫০	২,৬২,৯৬৬.০০	২৬,২৯৬.০০
২	শরৎ বোস রোড	নাট্টু সাহা	৪০১০৭৭৬১০০০০১০১	২০.৮০	১৯.৫০	৭৬,৭০৪.৮৬	২,০৭,০৩১.০০	২০,৭০৩.০০

ইএমডি (আমানত) জমা দেওয়ার জন্য ব্যাংক অ্যাকাউন্টের বিবরণ
অ্যাকাউন্টের নামঃ মেসার্স ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড
ব্যাংকের নামঃ আইসিআইসিআই ব্যাংক, চলতি হিসাব নং.ঃ০০২৪০৫০১৯৪০৮, শাখাঃজেএমসি হাউস শাখা, আহমেদাবাদ, আইএফএসসি কোডঃ ICIC0000024

নিলামের শর্তাবলীঃ গহনা / অলঙ্কারের মানের জন্য ব্যাংক দায়ী নয়। অলঙ্কারগুলো ''যেমন আছে তেমনই'' ভিত্তিতে নিলাম করা হবে। সোনার দায়িত্ব তার, যিনি গহনাগুলো বন্ধক রেখেছিলেন এবং যিনি নিলামে জয়ী হবেন। সফল দরদাতাকে সোনা বিক্রির তারিখ থেকে ৭ দিনের মধ্যে সম্পূর্ণ নিলামের অর্থ পরিশোধ করতে হবে, অন্যথায় ব্যাংক নিলাম বিক্রি বাতিল করতে পারে। আগ্রহী দরদাতারা বিস্তারিত শর্তাবলীর জন্য নিলাম পোর্টাল দেখতে পারেন। ব্যাংক কোনো কারণ উল্লেখ না করেই নির্ধারিত নিলাম পরিবর্তন / সংশোধন/ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। সোনার অলঙ্কার নিলামের পর কোনো ধরনের দাবি গ্রহণ করা হবে না। ব্যাংক যেকোনো পর্যায়ে যেকোনো বা সমস্ত দর গ্রহণ/ প্রত্যাখ্যান করার এবং তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে বিক্রয়ের যেকোনো শর্ত পরিবর্তন, সংশোধন ও মওকুফ করার অধিকার সংরক্ষণ করে। নিলামে অংশগ্রহণ এবং দর দেওয়াকে এই মর্মে গণ্য করা হবে যে দরদাতা নিলাম সম্পর্কিত শর্তাবলী গ্রহণ করেছেন এবং সমস্ত কর ও শুল্ক এবং অন্যান্য বাহ্যিক কারণ সম্পর্কে অবগত আছেন এবং ক্রেতার সতর্কতার নীতি প্রযোজ্য হবে। এর দ্বারা এটিও বোঝানো হবে যে দরদাতা নিলামের সময় প্রচলিত শর্তাবলী, যদি কোনো সংশোধন থাকে, তা মনোযোগ সহকারে পড়েছেন। একবার দর দেওয়া হয়ে গেলে কোনো আপত্তি বা অভিযোগ গ্রহণ করা হবে না। কোনো অসঙ্গতির ক্ষেত্রে বিজ্ঞপ্তির ইংরেজি সংস্করণটিই প্রামাণ্য বলে গণ্য হবে। আগ্রহী পক্ষগণ **১৩.০১.২০২৬ এবং ২০.০১.২০২৬ তারিখে সকাল ১১.০০ টা থেকে বিকাল ০৪.০০ টার** মধ্যে সাইটে সোনার গহনা পরিদর্শন করতে পারবেন।
অনলাইন নিলামটি ২৩.০১.২০২৬ তারিখে দুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। আগ্রহী দরদাতাদের ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেডের সাথে যোগাযোগ করতে হবে। (অকশন টাইগার), যোগাযোগ করুন ৯০২৩৭২৪৭৮০ / ৬৩৫১৮৯৬৬৪০ অথবা ইমেল আইডিঃ egold@auctiontiger.net

তারিখঃ ০৯।০১।২০২৬
স্থানঃ কলকাতা

স্বা /- অথোরাইজড অফিসার
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

নাবালিকা শুটারকে যৌন হেনস্থা, অভিযুক্ত জাতীয় শুটিং কোচ অঙ্কুশ

সংবাদ সংস্থা, ফরিদাবাদ, ৮ জানুয়ারিঃ জাতীয় স্তরের এক মহিলা শুটারকে যৌন হেনস্থার অভিযোগ! হরিয়ানা পুলিশে অভিযোগ দায়ের হল জাতীয় শুটিং কোচ অঙ্কুশ ভারদ্বাজের বিরুদ্ধে। অভিযোগকারিণী ১৭ বছরের এক শুটার, যিনি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নিতে দিল্লিতে এসেছিলেন। পরিবারের লিখিত অভিযোগের ভিত্তিতে ফরিদাবাদের মহিলা থানায় এফআইআর দায়ের করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনাটি ঘটেছে দিল্লির ডঃ কর্ণী সিং শুটিং রেঞ্জে আয়োজিত একটি জাতীয় স্তরের প্রতিযোগিতার সময়। অভিযোগ, পারফরম্যান্স মূল্যায়নের অজুহাতে কোচ অঙ্কুশ ভারদ্বাজ ওই শুটারকে ফরিদাবাদের একটি হোটেলে ডেকে পাঠান। প্রথমে লবিতে দেখা করার কথা বলা হলেও পরে তাঁকে হোটেলের ঘরে যেতে চাপ দেওয়া হয়। সেখানেই যৌন হেনস্থার অভিযোগ উঠেছে। হরিয়ানা পুলিশ জানিয়েছে, নাবালিকার অভিযোগের

গুরুত্ব বিবেচনা করে পকসো আইনের ৬ নম্বর ধারা এবং ভারতীয় ন্যায় সংহিতার ৩৫১ (২) ধারায় মামলা রুজু করা হয়েছে। তদন্তের অংশ হিসেবে ঘটনার দিনের সমস্ত সিসিটিভি ফুটেজ হোটেল কর্তৃপক্ষের কাছ থেকে চাওয়া হয়েছে। ফরিদাবাদ পুলিশের জনসংযোগ আধিকারিক যশপাল যাদব জানিয়েছেন, মামলার গুরুত্ব অত্যন্ত বেশি। অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য আমরা সিসিটিভি ফুটেজ সংগ্রহ করছি এবং প্রত্যক্ষদর্শীদের বয়ান রেকর্ড করা হচ্ছে। অভিযুক্ত অঙ্কুশ ভারদ্বাজ ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া-র অধীনে নিযুক্ত ১৩ জন জাতীয় পিস্তল কোচের একজন। অভিযোগ প্রকাশ্যে আসার পরই তাঁকে সমস্ত দায়িত্ব থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এনআরএআই-এর সেক্রেটারি জেনারেল পবন কুমার সিং জানিয়েছেন, ''মিডিয়ার মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কোচ অঙ্কুশকে সমস্ত দায়িত্ব থেকে সাসপেন্ড করা হয়েছে এবং তাঁকে কোনও নতুন দায়িত্ব দেওয়া হবে না।'' এফআইআরে আরও দাবি করা হয়েছে, অভিযোগ জানালে অভিযুক্ত কোচ শুটারের কেরিয়ার নষ্ট করে দেওয়ার এবং পরিবারের ক্ষতি করার হুমকি দিয়েছিলেন। ভয় ও মানসিক আঘাতের মধ্যে ওই শুটার হোটেল ছেড়ে বেরিয়ে যান এবং পরে পরিবারের কাছে পুরো বিষয়টি জানান। এরপরই পরিবার পুলিশের দ্বারস্থ হয়। অভিযোগকারিণীর দাবি, এই কোচের বিরুদ্ধে অনুরূপ আচরণের শিকার হয়েছেন আরও এক জন মহিলা শুটারও। পুলিশ সেই তথ্যও খতিয়ে দেখছে বলে জানা গেছে। মামলার তদন্ত চলছে।

দাদাদের হোয়াইটওয়াশের দুঃখ ভুলিয়ে দিল ভাইয়েরা!

প্রোটিয়াদের ঘরে ঢুকে চুনকাম বৈভবদের

বেনোনি, ৮ জানুয়ারিঃ কিছুদিন আগে টেম্বা বাভুমার দক্ষিণ আফ্রিকা দল লাল বলের ক্রিকেটে টিম ইন্ডিয়াকে নাকানিচোবানি খাইয়েছে। টেস্ট সিরিজ জিতেছে। তাও কিনা হোয়াইটওয়াশ! এই লজ্জার হার নিয়ে জল কম দূর গড়ায়নি। কোচ গৌতম গম্ভীরের কুর্সি নিয়ে টানাটানি পর্যন্ত শুরু হয়েছিল। মাস ঘুরতেই দাদাদের নির্মম পরাজয়ের মধুর প্রতিশোধ নিল ভাইয়েরা। যুব ওয়ানডে সিরিজে দক্ষিণ আফ্রিকার ঘরে ঢুকে তাদের ৩-০-তে বধ করল ভারত। অধিনায়ক বৈভব সূর্যবংশী এক হাতে ম্যাচের রাশ ধরলেন, অন্য হাতে দেখালেন ব্যাটিংয়ের ধার। বেনোনির উইলোমুর পার্কে সিরিজের শেষ ম্যাচট শুরু থেকেই ভারতের দখলে। টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেয় অনূর্ধ্ব-১৯ টিম ইন্ডিয়া। ওপেনিংয়ে নামেন বৈভব সূর্যবংশী ও অ্যারন জর্জ। প্রথম কয়েক ওভারে নতুন বল সামলে নেওয়ার পর ধীরে ধীরে দক্ষিণ আফ্রিকার বোলারদের উপর চাপ তৈরি করেন দু'জনেই। জুটিতে ওঠে ২০০-এর বেশি রান। এই পার্টনারশিপেই কার্যত ম্যাচের ফয়সালা হয়ে যায়। বৈভব ছিলেন আক্রমণাত্মক, অ্যারন সংযত। বৈভব ৭৪ বলে ১২৭ রান করেন-১০টি ছয়, ৯টি চার। অন্যদিকে অ্যারন নিজের সেঞ্চুরি পূর্ণ করেন (১০৬ বলে ১১৮ রান)। প্রথম উইকেট ভাঙে ২৬তম ওভারে, ততক্ষণে দক্ষিণ আফ্রিকা ম্যাচে ফেরার সমস্ত রাস্তা বন্ধ। ওপেনিং জুটি ভাঙার পরেও ভারতের ইনিংসে কোনও ধস নামেনি। মিডল অর্ডারের ব্যাটাররা ঝুঁকি না নিয়ে রানের গতি এগিয়ে নিয়ে যান। লক্ষ্য একটাই-বোর্ডে এমন স্কোর দাঁড় করানো, যাতে দক্ষিণ আফ্রিকার জন্য লড়াই

কাগজে-কলমেই কঠিন হয়ে যায়। ৫০ ওভার শেষে ভারতের স্কোর ৭ উইকেটে ৩৯৩। যুব পর্যায়ের ক্রিকেটে এই রান তাড়া করা যে কতটা কঠিন, তা ভালোই জানত দক্ষিণ আফ্রিকার শিবির। বোলিংয়ে টান্ডো সোনি কিছুটা চেষ্টা করেছিলেন, কিন্তু প্রথম ইনিংসের ধাক্কা আর কাটিয়ে ওঠা সম্ভব হয়নি। লক্ষ্য তাড়া করতে নেমে চাপে পড়ে যায় দক্ষিণ আফ্রিকা টিম। প্রথম পাঁচ ওভারের মধ্যেই পড়ে যায় চার উইকেট। ভারতের বোলাররা লাইন-লেন্থে কোনও ঢিলেমি দেখাননি। ফিল্ডিংয়েও ছিল টানটান শৃঙ্খলা। অধিনায়ক বৈভব সূর্যবংশী শুধু ব্যাটেই থামেননি। বল হাতেও একটি গুরুত্বপূর্ণ উইকেট তুলে নেন। বাকি বোলাররাও দায়িত্ব ভাগ করে নেন। দক্ষিণ আফ্রিকা ক্রমশ ম্যাচ থেকে ছিটকে যেতে থাকে এবং শেষ পর্যন্ত গুটিয়ে যায় লক্ষ্য থেকে বহু দূরে। ব্যবধান-২৩৩ রান! এই জয় শুধু একটি ম্যাচ বা একটি সিরিজ জয়ের গল্প নয়। পুরো সিরিজ জুড়েই ভারত প্রতিটি বিভাগে এগিয়ে-ব্যাটিংয়ের শুরু থেকে ডেথ ওভার, বোলিংয়ের নতুন বল থেকে মিডল ওভার, ফিল্ডিংয়ের তীক্ষ্ণতা-সর্বত্র নিখুঁত টিম ইন্ডিয়া! বিশেষ করে বৈভব সূর্যবংশীর নেতৃত্বে দল যে পরিকল্পনা মেনে খেলেছে, সেটাই এই দুর্দান্ত পারফরম্যান্সের চাবিকাঠি। সব মিলিয়ে দক্ষিণ আফ্রিকার মাটিতে ৩-০ ব্যবধানে সিরিজ জিতে যুব দলের স্পষ্ট বার্তা-সিনিয়র দলের সাম্প্রতিক ব্যর্থতা সত্ত্বেও, ভারতের ক্রিকেটের পাইপলাইন এখনও যথেষ্ট শক্ত।

কোচ বদলেও ফল বদলায়নি চেলসি-ইউনাইটেডের

সংবাদ সংস্থা, লন্ডন, ৮ জানুয়ারিঃ টানা চার ম্যাচে জয়হীন থাকার হতাশায় কদিন আগে এনজো মারেসকাকে কোচ পদ থেকে সরিয়ে দেয় চেলসি। তাঁর বদলে কোচ হিসেবে এসেছেন ৪১ বছর বয়সী লিয়াম রোজনিয়র। কিন্তু কোচ বদলেও ভাগ্য বদলায়নি চেলসির। গতকাল রাতে ফুলহামের মাঠে ২-১ গোলে হেরেছে তারা। এটি প্রিমিয়ার লিগে সর্বশেষ পাঁচ ম্যাচে তাদের দ্বিতীয়

হেরে গিয়ে হতাশ চেলসির খেলোয়াড়রা।

হার। ব্যর্থতার বৃত্তে ঘুরপাক খাওয়া ম্যানচেস্টার ইউনাইটেডও কদিন আগে কোচ পদ থেকে ছাঁটাই করে রুবেন আমোরিমকে। কিন্তু কোচ বিদায় করেও ফল বদলাতে পারেনি তারাও। গতকাল রাতে বার্নলির মাঠে ২-২ গোলে ড্র করে ইউনাইটেড। চেলসি ও ম্যানচেস্টার ইউনাইটেডের হতাশার রাতে খুশি হতে পারেনি ম্যানচেস্টার সিটিও। ঘরের মাঠে ব্রাইটনের সঙ্গে ১-১ গোলে ড্র করেছে তারাও। সব মিলিয়ে গতকাল রাতটা প্রিমিয়ার লিগের শীর্ষ দলগুলোর জন্য বেশ হতাশারই ছিল। মারেসকার বিদায়ের পর চেলসির দায়িত্ব নিয়েই ফুলহামের মাঠে যেতে হয় রোজনিয়রকে। তবে দলের সঙ্গে প্রথমবার ভ্রমণে গিয়ে স্ট্যান্ডে বসে হারের সাক্ষী হতে হলো এই কোচকে। অবশ্য ম্যাচের বেশির ভাগ সময় ১০ জন নিয়ে খেলতে হয় চেলসিকে। কারণ, ২২ মিনিটে লাল কার্ড দেখে মাঠ ছাড়েন ডিফেন্ডার মার্ক কুকুরেয়া। চেলসি এ মরসুমে প্রিমিয়ার লিগে ৫টি লাল কার্ড দেখেছে। এর আগে মাত্র একবারই (২০০৭-০৮ মরসুমে) এর চেয়ে বেশি (৬) লাল কার্ড দেখেছিল দলটি। একজন কম নিয়ে খেলা চেলসি পিছিয়ে পড়ে ম্যাচের ৫২ মিনিটে। ফুলহামের হয়ে প্রথম গোলটি করেন রাউল হিমিনেজ। তবে ৭২ মিনিটে গোল করে চেলসিকে সমতায় ফেরান লিয়াম দালেপ। তবু শেষ রক্ষা হয়নি। ৮১ মিনিটে ফুলহামের হ্যারি উইলসনের গোলে নিশ্চিত হয় চেলসির হার। এই হারের পর ২১ ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে টেবিলের আটে নেমে গেছে চেলসি। এখন দলকে দুরবস্থা থেকে টেনে তোলার চ্যালেঞ্জ নিতে হবে নতুন কোচ রোজনিয়রকে। ইউনাটেডে এখন অন্তর্বর্তীকালীন কোচ ডানকান ফ্লোচার দায়িত্ব সামলাচ্ছেন। তবে আমোরিম-পরবর্তী যুগও ইউনাইটেড শুরু করল হতাশা দিয়ে। ঘরের মাঠে ম্যাচের ১৩ মিনিটে ইউনাইটেডের আত্মঘাতী গোলে এগিয়ে যায় বার্নলি। লিড নিয়েই বিরতিতে যায় আয়োজকরা। ম্যাচের ৫০ ও ৬০ মিনিটে জোড়া গোল করে ইউনাইটেডকে ২-১ ব্যবধানে এগিয়ে দেন বেঞ্জামিন সেসকো। কিন্তু ৬৬ মিনিটে জায়দন আন্থনির গোলে সমতায় ফেরে বার্নলি। শেষ পর্যন্ত পয়েন্ট ভাগাভাগি করতে হয় দুই দলকে। এই ড্রয়ের পর ২১ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে টেবিলের সাতে ইউনাইটেড। ব্রাইটনের বিপক্ষে এগিয়ে গিয়েও শেষ পর্যন্ত ১-১ গোলে ড্র করে ম্যানচেস্টার সিটি। ৪১ মিনিটে আর্লিং হলান্ডের পেনাল্টি গোলে এগিয়ে যায় সিটি। কিন্তু কাওরো মিতোমা ৬০ মিনিটে ম্যাচে ফেরান ব্রাইটনকে। এরপর চেষ্টা করেও আর লিড নিতে পারেনি সিটি।

পয়েন্ট হারিয়ে হতাশ ম্যানচেস্টার ইউনাইটেড।

এই ড্রয়ে টেবিলে দ্বিতীয় সিটির পয়েন্ট ২১ ম্যাচে ৪৩। ড্রয়ের ফলে প্রিমিয়ার লিগে পেপ গার্দিওলার ম্যানচেস্টার সিটির বিপক্ষে এখনো অপরাজিত ব্রাইটনের কোচ ফাবিয়ান হুরসেলার। এই প্রতিযোগিতায় গার্দিওলার দলের বিপক্ষে চার ম্যাচে মুখোমুখি হয়ে হুরসেলার দল ২টিতে জিতেছে এবং অন্য দুই ম্যাচে ড্র করেছে। এর মধ্য দিয়ে ইতিহাসও গড়েছেন এই কোচ। গার্দিওলার বিপক্ষে শীর্ষ লিগে নিজের প্রথম চারটি ম্যাচেই হার এড়ানো প্রথম কোচ তিনি।

বাজবলের বিষদাঁত ভেঙে সিডনিতে রাজ অস্ট্রেলিয়ার

৪-১ স্কোরে একপেশে অ্যাশেজের ইতি

সংবাদ সংস্থা, সিডনি, ৮ জানুয়ারিঃ অস্ট্রেলিয়া বনাম ইংল্যান্ড পঞ্চম টেস্টের শেষ দিনে কোনও নাটক, কোনও আবেগ ধরা পড়ল। মাঠে ফুটে উঠল স্রেফ হিসেবি ক্রিকেট, ধারাবাহিক নিয়ন্ত্রণ আর একপেশে, অনিবার্য ফলাফল। সিডনিতে ৫ উইকেটে জিতে অস্ট্রেলিয়া ২০২৫-২৬ অ্যাশেজ সিরিজ শেষ করল ৪-১ ব্যবধানে। স্কোরলাইনই বলে দিচ্ছে, পুরো সিরিজে কোন দল এগিয়ে! ১৬০ রানের লক্ষ্য তাড়া করতে নেমে অস্ট্রেলিয়া প্রথমে কিছুটা চাপে প।ছেলি। ওপেনার ট্র্যাভিস হেড ২৯ এবং জেক ওয়েদারাল্ড ৩৪ করে সাজঘরে ফিরলেন। অধিনায়ক স্টিভ স্মিথ থামলেন ১২ রানে। শেষ টেস্টে অবসর নেওয়া উসমান খোয়াজা করলেন মাত্র ৬। কিন্তু এরপর আর কাঁটা ঘুরল না। ক্যামেরন গ্রিন ২২ এবং অ্যালেক্স কেয়ারি ১৬ করে ম্যাচ শেষ করলেন। পঞ্চম দিনের দুপুরের পরেই কাজ সারা। অস্ট্রেলিয়া জিতল ৫ উইকেটে। ইংল্যান্ড চেষ্টা করেছিল। জশ টং ফের একবার ধারাবাহিক চাপ তৈরি করেন। কিন্তু অন্য প্রান্তে সহায়তা মেলেনি। লক্ষ্যটাই ছিল খুব ছোট। এবারের অ্যাশেজে

অস্ট্রেলিয়া এক-দুটি ম্যাচে নয়, তারা ভাল খেলেছে পাঁচটি টেস্ট জুড়ে। ব্যাটিংয়ে বড় জুটি, বোলিংয়ে ধৈর্য আর গুরুত্বপূর্ণ মুহূর্তে ভুল না করা-এই তিনটি জায়গাতেই ইংল্যান্ড পিছিয়ে। অজিদের হয়ে হেড সিরিজে করলেন ৬২৯ রান। পার্থ টেস্টে কার্যত একাহাতেই ম্যাচ বের করে নেন। তাও দু'দিনের মধ্যে। শেষ টেস্টে তাঁর সেঞ্চুরি ইংল্যান্ডের শেষ আশা নিভিয়ে দেয়। সিরিজ সেরা হলেন মিচেল স্টার্ক। পাঁচ টেস্টে ৩১ উইকেট। কম্পটন-মিলার মেডালও তাঁর কপালে ঝুলল। স্টিভ স্মিথ অ্যাশেজে ১৩ তম শতরান হাঁকালেন। তালিকায় আপাতত দু'নম্বরে, ডন ব্র্যাডম্যানের ঠিক পরেই। সংখ্যাটা নিছক পরিসংখ্যান নয়-এই সিরিজে তাঁর নিয়ন্ত্রণ ছিল দেখার মতো! ইংল্যান্ডের ছবিটা একেবারে আলাদা। জো রুট সিরিজে ৪০০ রান করলেও দুটি ইনিংস ছাড়া তেমন প্রভাব ফেলতে ব্যর্থ। টপ অর্ডার বারবার ভেঙেছে। বেন ডাকেট, জ্যাক ক্রলি-সংখ্যাই বলে দেয় সমস্যা আসলে কোথায়! এই সিরিজ শুধু অস্ট্রেলিয়া বনাম ইংল্যান্ডে আটকে ছিল না। হয়ে উঠেছিল বাজবল বনাম বাস্তবতার লড়াইও। স্টোকসরা আক্রমণাত্মক ক্রিকেট খেলেছেন। কিন্তু জরুরি মুহূর্তে দায়িত্বশীল পারফরম্যান্সে অসফল। সিডনি টেস্টেই তা স্পষ্ট। প্রথম ইনিংসে জো রুটের ১৬০, হ্যারি ব্রুকের ৮৪ সব ছিল। কিন্তু জবাবে মাঠে নেমে অস্ট্রেলিয়ার বড় লিড। দ্বিতীয় ইনিংসে জ্যাকব বেথেল ১৫৪ করে ম্যাচ টানেন। ইংল্যান্ড লিড পায় ১৫৯ রানের। কিন্তু দিনের শেষে সেটাও যথেষ্ট নয়। আসলে অজিরা জানত, কোথায় ধৈর্য ধরতে হবে। কোথায় আঘাত হানতে হবে। ইংল্যান্ড জানত, কী করতে চায়। কিন্তু জানত না, কখন থামাটা দরকারি! শেষ পর্যন্ত অ্যাশেজের পালা চুকল ৪-১-এ। কোনও বিতর্ক নেই। কোনও 'কাছাকাছি' লড়াইয়েরও গল্প নেই। এই সিরিজে অস্ট্রেলিয়া টেক্কা দিয়েছে। স্কোরলাইন সেটাই নিশ্চিত করেছে কেবল।

অনেক সুযোগ হাতছাড়া করে ম্যানচেস্টার সিটির টানা তৃতীয় ড্র

আর্লিং হলান্ডের সফল স্পট কিকে ব্রাইটন অ্যান্ড হোভ অ্যালবিয়নের বিপক্ষে এগিয়ে গিয়েও জয়ে ফেরা হলো না ম্যানচেস্টার সিটির। দ্বিতীয়ার্ধে গোল হজম করে ফের পয়েন্ট হারাল পেপ গুয়ার্দিওলার দল।

ম্যানচেস্টার, ৮ জানুয়ারিঃ ঘরের মাঠে বুধবার রাতে ব্রাইটনের বিপক্ষে ১-১ ড্র করেছে সিটি। প্রিমিয়ার লিগে এটি তাদের টানা তৃতীয় ড্র। ২১ ম্যাচে ১৩ জয় ও চার ড্রয়ে ৪৩ পয়েন্ট নিয়ে দুই নম্বরে আছে সিটি। এক ম্যাচ কম খেলে ৪৮ পয়েন্ট নিয়ে চূড়ায় আর্সেনাল। ম্যাচে ৬০ শতাংশের বেশি সময় বল দখলে রেখে গোলের জন্য ২২টি শট নেয় সিটি, এর ছয়টি ছিল লক্ষ্যে। অন্য দিকে ব্রাইটন ৬ শটের তিনটি রাখতে পারে লক্ষ্যে। প্রতিপক্ষের মাঠে শুরুটা দারুণ করে ব্রাইটন। প্রথম আট মিনিটে দুটি সুযোগ পায় তারা। তবে দুটি শটই ঠেকিয়ে দেন সিটি গোলরক্ষক জানলুইজি দোন্নারুম্মা। ধীরে ধীরে নিজেদের গুছিয়ে নিয়ে মাঝমাঠের নিয়ন্ত্রণ নেয় সিটি। তৈরি করতে থাকে সুযোগ। কিন্তু সেগুলো কাজে লাগাতে পারছিলেন না কেউই। প্রথমার্ধের শেষ দিকে বদলে যায় খেলার চিত্র। ৪১তম মিনিটে সফল স্পট কিকে সিটিকে এগিয়ে নেন হলান্ড। সবশেষ চার ম্যাচে এটিই নরওয়ের স্ট্রাইকারের প্রথম গোল। চলতি আসরে হলান্ডের গোল হলো ২০টি। সিটির জার্সিতে সব প্রতিযোগিতা মিলিয়ে ১৭৩ ম্যাচে করলেন ১৫০ গোল। জেরেমি ডোকুকে ব্রাইটনের দিয়েগো গোমেস ফাউল করায় পেনাল্টি পেয়েছিল সিটি। শুরুতে অবশ্য আয়োজকদের আবেদনে সাড়া দেননি রেফারি। পরে ভিএআরের হস্তক্ষেপে মনিটরে

ফাউলের রিপ্লে দেখার পর তিনি পেনাল্টি দেন। প্রথমার্ধের যোগ করা সময়ের চতুর্থ মিনিটে একটুর জন্য দ্বিগুণ হয়নি ব্যবধান। টিজানি রেইন্ডার্সের শট গোললাইন থেকে ফিরিয়ে দেন গোমেজ। দ্বিতীয়ার্ধের শুরুতে ফের হতাশ হয় সিটি। ৪৬তম মিনিটে বের্নার্দো সিলভার শট ব্যর্থ হয় পোস্টে লেগে। খেলার ধারার বিপরীতে ৬০তম মিনিটে গোল করে ম্যাচে সমতা ফেরান কাউরু মিতোমা। ডি বক্সের বাইরে থেকে তার গতিময় শট ঠেকাতে পারেননি দোন্নারুম্মা। পরের ১০ মিনিটে দুইবার কোনোমতে গোল হজম থেকে বেঁচে যায় সিটি। বিস্ময়করভাবে ফাঁকা জালে বল পাঠাতে পারেননি গোমেজ। ৭০তম মিনিটে মিতোমার শট ব্যর্থ হয় বাম দিকের পোস্টে লেগে। এরপর যেন জেগে ওঠে সিটি। একের পর এক আক্রমণে অনেক সুযোগ তৈরি করে আয়োজকরা। হলান্ড বেশ কিছু সুযোগ নষ্ট করার পর ৮৬তম মিনিটে সেরা সুযোগ হাতছাড়া করেন হায়ান শের্কি। বিপজ্জনক জায়গায় বল পেলেও শট লক্ষ্যে রাখতে পারেননি তিনি। সুযোগ আসে এরপরও, কিন্তু একটাও কাজে লাগাতে পারেননি হলান্ড, শের্কিরা। একরাশ হতাশা নিয়ে মাঠ ছাড়ে সিটি।



বিলবাওয়ের জালে গোল উৎসব করে ফাইনালে বার্সেলোনা

ম্যাচ জুড়ে দাপুটে ফুটবল খেলল বার্সেলোনা। প্রথমার্ধে ১৬ মিনিটের মধ্যে চার গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ নিল তারা। বিরতির পর গোলের দেখা মিলল আরও একটি। আথলেতিক বিলবাওকে গুঁড়িয়ে স্প্যানিশ সুপার কাপের ফাইনালে উঠল শিরোপাধারীরা।

সংবাদ সংস্থা, জেদ্দা, ৮ জানুয়ারিঃ সৌদি আরবের জেদ্দায় বুধবার রাতে সেমি-ফাইনালে ৫-০ গোলে জিতেছে হান্সি ফ্লিকের দল। জোড়া গোল করেছেন রাফিনিয়া। একবার করে জালের দেখা পেয়েছেন ফেররান টরেস, ফের্মিন লোপেস ও রুনি বার্দগি। বার্সেলোনার দাপটের চিত্রও স্পষ্ট পরিসংখ্যানেও। প্রায় ৮০ শতাংশ সময় বল নিজেদের কাছে রেখে গোলের জন্য ১৩টি শট নেয় তারা, যার ৭টি ছিল লক্ষ্যে। বিলবাওয়ের ৯ শটের ৩টি লক্ষ্যে ছিল। লামিনে ইয়ামাল ও রবের্ত লেভানডফস্কিকে বেঞ্চে রেখে একাদশ সাজান বার্সেলোনা কোচ ফ্লিক। ষোড়শ মিনিটে প্রথম লক্ষ্যে শট রাখতে পারে বার্সেলোনা। বক্সের বাইরে থেকে গোলরক্ষক উনাই সিমন বরাবর মারেন পেদ্রি। ২০তম মিনিটে দারুণ সুযোগ হারান লোপেজ। বক্সে ঢুকে ওয়ান-অন-ওয়ানে সিমনের বরাবর শট করেন তিনি। এক মিনিট পরই গোলের দেখা পায় লা লিগায় টানা ৯ ম্যাচ জয়ী বার্সেলোনা। ডান দিক দিয়ে বক্সে ঢুকে পাস দেন বার্দগি, ঠিকমতো শট নিতে পারেননি লোপেজ, বল নিয়ন্ত্রণে নিয়ে ছয় গজ বক্সের বাইরে থেকে শটে জালে পাঠান টরেস।

৩০তম মিনিটে ব্যবধান দ্বিগুণ করে ফেলে বার্সেলোনা। বাঁ দিক দিয়ে বক্সে ঢুকে পাস দেন রাফিনিয়া আর প্রথম স্পর্শে বাঁ পায়ের জোরাল শটে ঠিকানা খুঁজে নেন লোপেজ। ৩৪তম মিনিটে ব্যবধান আরও বাড়িয়ে দলকে জয়ের পথে এগিয়ে নেন বার্দগি। ফের্মিনের পাস ধরে বক্সে ঢুকে প্রতিপক্ষের এক ডিফেন্ডারের বাধা এড়িয়ে নিচু শট তিনি, সিমন ঠেকিয়ে দিলেও তার হাতের নিচ দিয়ে গড়িয়ে জালে জড়ায় বল। ৩৮তম মিনিটে দুর্দান্ত গোলে স্কোরলাইন ৪-০ করেন রাফিনিয়া। বার্দগির পাস ধরে বাঁ দিক দিয়ে বক্সে ঢুকে পড়েন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড, প্রতিপক্ষের একজনের বাধা এড়িয়ে বুলেট গতির শট নেন তিনি, কাছের পোস্ট দিয়ে জালে জড়ায় বল। প্রথম দল হিসেবে স্প্যানিশ সুপার কাপের সেমি-ফাইনালে প্রথমার্ধে চার গোল করার কীর্তি গড়ল বার্সেলোনা। ৪২তম মিনিটে বার্সেলোনার রক্ষণে ভীতি ছড়ায় বিলবাও। তাদের মিডফিল্ডার সানসেতের নিচু শট পোস্টে লেগে ফিরে আসে। দ্বিতীয়ার্ধেও আক্রমণে আধিপত্য ধরে রাখে বার্সেলোনা। ৫২তম মিনিটে দ্বিতীয় গোলের দেখা পান রাফিনিয়া। বক্সের ভেতর থেকে জোরাল শটে লক্ষ্যভেদ করেন তিনি। হ্যাটট্রিকের পথে বেশিদূর অবশ্য ছুটতে পারেননি রাফিনিয়া। ৬৫তম মিনিটে তাকে তুলে মার্কাস র‍্যাশফোর্ডকে নামান কোচ। ৭২তম মিনিটে বার্দগির বদলি নামেন ইয়ামাল। বাকি সময়ে দুই দলই সুযোগ পায় কিছু, কিন্তু জালের দেখা পায়নি আর কেউ।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক অলোক কুমার নস্কর এবং মুদ্রক চিত্ত দেবনাথ কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Published by Aloke Kumar Naskar & Printer by Chitya Debnath on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com